# আমাদের সততা গুরুত্বপূর্ণ

আমাদের Regal Rexnord ব্যবসায়িক আচরণ বিধি এবং নৈতিকতা

# আপনি গুরুত্বপূর্ণ

Regal Rexnord-এ কর্মরত প্রতিটি ব্যক্তি আমাদের সুখ্যাতিতে, আমাদের সংস্কৃতিতে এবং আমাদের ব্যবসায়িক সাফল্যে প্রভাব ফেলে। কর্মক্ষেত্রে আপনি যেভাবে কাজ করেন এবং যেমন সিদ্ধান্ত নেন সেই অনুযায়ী আমাদের ব্যাপারে সারা জগতের ধারণা তৈরি হতে পারে।

### আমাদের জন্য ন্যায়পরায়ণতা গুরুত্বপূর্ণ

আমরা ন্যায়পরায়ণতার প্রতি প্রতিজ্ঞাবদ্ধ কোম্পানি হিসাবে স্বীকৃতি পেতে চাই।

আমরা সবাই চাই যে আমাদের কাজ এবং আমাদের কর্মক্ষেত্রে আমাদের সংস্কৃতি প্রতিফলিত হোক: আমরা ন্যায়পরায়ণতাকে সবচেয়ে বেশি গুরুত্ব দিই। আমরা সত্যনিষ্ঠ এবং বিশ্বস্ত।

### এই বিধিই আমাদের পথনির্দেশক

আমাদের মধ্যে যে কেউ আমাদের কাজে আইনী এবং/বা নৈতিক চিন্তার সম্মুখীন হতে পারি। কখনো কখনো সঠিক উত্তর স্বজ্ঞাত বা সুস্পষ্ট হয় না।

আমাদের ব্যবসায়িক আচরণ এবং নৈতিকতার বিধি পথনির্দেশক হিসাবে কাজ করে। তাতে গুরুত্বপূর্ণ বিষয়গুলিতে মূল প্রয়োজনীয়তার রূপরেখা আছে। Regal Rexnord-এর সঙ্গে কাজ করতে গিয়ে কি আশা করা যায় তা এতে জানানো হয়েছে।

# লুইস(LOUIS)-এর বার্তা




Regal Rexnord-এ আমরা আমাদের সততা; দায়িত্ববোধ; বিবিধতা, কর্তব্যবোধ এবং অন্তর্ভুক্তি করণ; গ্রাহক সাফল্য; উদ্দেশ্য সহ উদ্ভাবন; ক্রমাগত উন্নতি; কর্মপ্রদর্শন; জেতার নেশা কে কেন্দ্র করে আচরণ; কাজ করি এবং সিদ্ধান্ত নিই, এবং এ সবই আমরা তৎপরতাসহ করি। আমরা বলি এমনটাই "আমাদের কাছ থেকে আশা করতে পারেন।" পথনির্দেশ এবং উদাহরণ দিয়ে Regal Rexnord-এর ব্যবসায়িক আচরণ এবং নৈতিকতা বিধি এইসব মূল্যবোধকে বলবৎ করে। যখন আমরা আমাদের বিধি বুঝি এবং অনুসরণ করে চলি, আমাদের দৃঢ় সংস্কৃতি বজায় রাখতে আমরা সাহায্য করি এবং আমাদের দীর্ঘকালীন সাফল্য সুনিশ্চিত করি।

Regal Rexnord-এ প্রত্যেকের ক্ষেত্রে আমাদের বিধি প্রযোজ্য। আমাদের সকলের জন্য একই আদর্শ মান প্রযোজ্য, এবং যে আচরণে এই বিধি অনুসরণ করা হয় না তা সনাক্ত করে তার বিরুদ্ধে সোচ্চার হওয়া আমাদের প্রত্যেকের দায়িত্ব। সমস্ত সংগঠন বছরের পর বছর কাজ করে একটি কোম্পানির কর্ম সংস্কৃতি গড়ে তোলে, এবং একজন সহযোগীও যদি ভুল বা বেআইনী কাজ করেন তার ফলে আমাদের সুনাম হানি ও আমাদের সকলের ক্ষতি হয়ে যেতে পারে।

Regal Rexnord এমন এক সংস্কৃতি রাখায় অঙ্গীকারবদ্ধ যেখানে সহযোগীদের দৃঢ়বিশ্বাস প্রশ্ন করা ও চিন্তার বিষয়ে রিপোর্ট করা সঠিক কাজ। বিশ্বব্যাপী, আমরা চাই সকলে যেন গর্ববোধ করে যে আমরা এমন এক সংগঠনের অংশ যা আমাদের ব্যবসার সব বিষয়ে সততায় অঙ্গীকারবদ্ধ।

অনুগ্রহ করে এই বিধি পুনর্বিচার করে ভালোমত বুঝে নিন, এটা আমাদের পথপ্রদর্শক এবং সর্বদা আমাদের সততাপরায়ণ হয়ে কাজ করার পথ দেখায়।



লুইস পিংখাম (Louis Pinkham)
চীফ এক্সেকিউটিভ অফিসার

# বিষয়সূচি


**ভূমিকা**

এই বিধি কি আমার ক্ষেত্রে প্রযোজ্য হবে? ....4

মৌলিক বিষয় ....5

**আমরা যখন কাজ করি, আমাদের জন্য ন্যায়পরায়ণতা গুরুত্বপূর্ণ**

একটি নিরাপদ কর্মস্থল ....9

বিবিধতা, কর্তব্যবোধ এবং অন্তর্ভুক্তিকরণ .... 10

পারস্পরিক শ্রদ্ধা সম্ভ্রম এবং হয়রানি-বিহীন পরিবেশ ....11

**আমরা যখন আমাদের পণ্য তৈরি, বিক্রি এবং বিতরণ করি তখন আমাদের জন্য ন্যায়পরায়ণতা গুরুত্বপূর্ণ**

পণ্য নিরাপত্তা এবং গুণগত মান .... 13

সরবরাহকারীর সঙ্গে সম্পর্ক .... 14

ন্যায়ানুগ প্রতিযোগিতা .... 15

দুর্নীতির মোকাবিলা করা .... 16

উপহার এবং বিনোদন .... 17

আন্তর্জাতিক বাণিজ্য নিয়ন্ত্রণ .... 18

অর্থপাচার এবং জালিয়াতির মোকাবিলা করা .... 19

**যেসব সিদ্ধান্তের ফলে কোম্পানিতে প্রভাব পড়তে পারে তেমন সিদ্ধান্ত নেওয়ার সময় আমাদের জন্য ন্যায়পরায়ণ থাকা গুরুত্বপূর্ণ**

আমাদের সম্পদগুলি রক্ষা করা .... 21

গোপনীয় তথ্য .... 22

ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা .... 23

বুদ্ধিগত সম্পত্তির স্বত্বাধিকার .... 24

অভ্যন্তরীণ ব্যক্তিদের শেয়ার কেনাবেচা এবং স্টক সম্বন্ধে পরামর্শ দান .... 25

স্বার্থের সংঘাত এড়িয়ে যাওয়া .... 26

রাজনৈতিক যোগদান .... 27

**আমরা যখন কোম্পানির ব্যাপারে তথ্য উপস্থিত করি তখন আমাদের ন্যায়পরায়ণ থাকা গুরুত্বপূর্ণ**

কোম্পানির খাতা ও নথিপত্র .... 29

দলিলপত্র এবং রেকর্ডের ব্যবস্থাপনা .... 30

নিয়ন্ত্রক এবং মিডিয়ার সঙ্গে যোগাযোগ রাখা .... 30

সোশাল মিডিয়া .... 31

**যখন আমরা আমাদের সমাজের প্রতি যত্নবান থাকি তখন আমাদের জন্য ন্যায়পরায়ণতা গুরুত্বপূর্ণ**

পরিবেশের স্থায়িত্ব .... 33

সামাজিক দায়বদ্ধতা .... 34

**সমাপ্তি**

প্রতিদিন ন্যায়পরায়ণতা গুরুত্বপূর্ণ করে তোলা .... 35

ইন্টিগ্রিটি লাইন ফোন নম্বর .... 36

# এই বিধি কি আমার ক্ষেত্রে প্রযোজ্য হবে?

আন্তর্জাতিক স্তরে আমাদের সবকটি স্থানে এবং আমাদের সবরকম সংযোগে — Regal Rexnord বিধি আমাদের সকলের ক্ষেত্রে সমানভাবে প্রযোজ্য।

এটা আমাদের সব কর্মচারী, ডায়রেক্টর এবং অফিসারদের ক্ষেত্রে প্রযোজ্য। চাকরির একটি পূর্বশর্ত হল এই বিধি অনুসরণ করা। আমাদের সরবরাহকারী, কনট্রাক্টর, এজেন্ট, এবং ব্যবসা সহযোগীদের ক্ষেত্রেও এই বিধির নীতি প্রযোজ্য।

আমাদের নেতৃত্ব এবং কর্মসংস্কৃতি, মূল্যায়ন এবং হিসাব পরীক্ষা, তদন্ত, প্রশিক্ষণ এবং অতিরিক্ত নীতিসমূহে Regal Rexnord এই বিধি সমর্থন এবং আরো বলবৎ করে। আমরা যেভাবে কাজ করি এবং ব্যবসা পরিচালনা করি তাতে আমরা অবিরাম উন্নতি করি।



## আমার এই বিধি কিভাবে ব্যবহার করা উচিৎ?

প্রধান ক্ষেত্রগুলিতে আমাদের প্রত্যাশাগুলি বোঝার জন্য একটি উপযোগী সংস্থান এই বিধি। এটা সম্পূর্ণ সদ্ব্যবহার করার জন্য:

- এই বিধি পড়ে নিন, এবং এর প্রয়োজনীয় শর্তগুলি আপনি বুঝেছেন কিনা সে বিষয়ে সুনিশ্চিত হয়ে নিন।
- আপনার কাজের ক্ষেত্রে Regal Rexnord-এর যে নীতি এবং আইনী প্রয়োজনীয়তাগুলি প্রযোজ্য সেসব বিষয়ে জেনে রাখুন।
- যখনই আপনার কোনো প্রশ্ন থাকবে বা সঠিক উত্তরের ব্যাপারে সন্দেহ হবে এই বিধি পড়ে নেবেন।

# আপনি কি ম্যানেজার নাকি লীডার?

**আপনার কাছে এই বিধি সংক্রান্ত কয়েকটা অতিরিক্ত দায়িত্ব রয়েছে।**

- আপনার দলের সদস্যদের যাতে এই বিধির ব্যাপারে, এটা কোথায় পাওয়া যাবে এবং কিভাবে ব্যবহার করতে হবে, সেসব জানা থাকে সে বিষয়ে সুনিশ্চিত হয়ে নেবেন।
- বিধির পথনির্দেশানুসার, সবসময় আপনার দল যাতে ন্যায়পরায়ণভাবে কাজ করে তার জন্য প্রত্যাশা স্থির করে দিন।
- কি করণীয় তা আপনার দলের সদস্যদের যদি জানা না থাকে তাহলে তাদের প্রশ্ন করতে উৎসাহবর্ধন করুন।
- আপনার দলের যে উত্তরগুলি প্রয়োজন সেসব জানার ব্যাপারে তাদের সাহায্য করুন, তার জন্য প্রয়োজনমত কোম্পানির অন্যান্য সংস্থান ব্যবহার করুন।
- আপনার দলের সদস্য নিয়মানুবর্তিতার সব প্রশিক্ষণ যাতে সম্পূর্ণ করে তা সুনিশ্চিত করতে সাহায্য করুন।

এই বিধির সমর্থনে আপনি নিজে সবচেয়ে ভালো যে কাজটি করতে পারেন তা হল কর্মচারীদের যদি প্রশ্ন থাকে বা তারা যদি অসদাচরণের ব্যাপারে জানতে পারে তাহলে তাদের যে সোচ্চার হওয়া উচিৎ-এই কথাটি কর্মচারীদের অবশ্যই জানিয়ে রাখা। আপনার নেওয়া পদক্ষেপ বিধি অনুসরণের প্রয়োজনীয়তা উপলব্ধি করতে তাদের সাহায্য করবে।

- আপনার দলের সদস্যদের সঙ্গে নৈতিকতার প্রশ্ন নিয়ে আলোচনা এবং সমাধান করার সুযোগ খুঁজে নেবেন।
- বিধি উল্লঙ্ঘনের যে কোনো রিপোর্ট পেলে আইনী বিভাগকে জানিয়ে দেবেন।
- যে পরিচয় গোপন রেখে রিপোর্ট করবে তার পরিচয় জানার চেষ্টা করবেন না।
- মনে রাখবেন, এবং আপনার দলকে মনে করিয়ে দেবেন, রিপোর্টের উদ্দেশ্য ব্যক্তিগত আঘাত হানা নয় এবং তা দিয়ে আপনার  ক্ষমতাকে চ্যালেঞ্জ করা হচ্ছে না।

## বিধিতে যা জানানো হয়েছে তার থেকে স্থানীয় আইন যদি আলাদা হয়?

বিরল পরিস্থিতিতে যদি এই বিধি অনুসরণ করতে গিয়ে স্থানীয় আইন অমান্য করা হয়, আপনার অবশ্যই আইন মেনে চলতে হবে এবং আইনী বিভাগকে সংঘাতের বিষয়ে জানিয়ে দিতে হবে।

যদি স্থানীয় প্রথা বা আরেকটা কোম্পানির নীতির সঙ্গে এই বিধির সংঘাত ঘটে, আপনাকে অবশ্যই এই বিধি অনুসরণ করতে হবে। আপনার যদি কোনো প্রশ্ন থাকে আইনী বিভাগে যোগাযোগ করবেন।

## আমি এই বিধি উল্লঙ্ঘন করলে তার কোনো পরিণাম হবে কি?

যারা এই বিধি অনুসরণ করেন না তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া যায়, তাতে তাকে চাকরি থেকে বরখাস্তও করা যায়। কয়েকটা কেসে, এই বিধি উল্লঙ্ঘন করা হলে আইনও উল্লঙ্ঘন করা হয় এবং তার ফলে জরিমানা এবং হাজতবাসের মত অপরাধমূলক শাস্তিও হতে পারে।

অনুগ্রহ করে জেনে রাখুন: পদভার নির্বিশেষে Regal Rexnord-এ কারুর কাছে আইন বা এই বিধি উল্লঙ্ঘন করার আদেশ দেওয়ার ক্ষমতা নেই।

# ন্যায়পরায়ণতার জন্য স্বচ্ছতা প্রয়োজন

**স্বচ্ছতা এবং অকপটতার মূল মূল্যবোধের ভিত্তিতে গড়ে উঠেছে Regal Rexnord-এর অনুপম সংস্কৃতি।**

**অন্যান্য অর্থ ছাড়াও স্বচ্ছতা মানে, ভুল ত্রুটি হলে আমরা অকপটে তা জানাই।**

**যদি আপনার মনে হয় কেউ এই বিধি, Regal Rexnord-এর নীতি বা আইন উল্লঙ্ঘন করছে তাহলে সোচ্চার হন এবং জানিয়ে দিন।**

**সব রিপোর্ট:**

**গোপনীয় থাকবে**
আপনি পরিচয় গোপন করে রিপোর্ট না করলেও আপনার পরিচয় সুরক্ষিত থাকবে এবং আপনার রিপোর্টে ঠিকমত ব্যবস্থা নেওয়ার জন্য প্রয়োজনমত সেটা প্রকাশ করা হবে।

**সম্পূর্ণভাবে এবং ন্যায্য উপায়ে তদন্ত করা হবে**
প্রতিটি রিপোর্টের সম্পূর্ণ এবং ন্যায্য পদ্ধতিতে তদন্ত করা হবে। যদি আমরা নির্ণয় নিই যে অসদাচরণ করা হয়েছে, তার জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে আমরা শাস্তিমূলক পদক্ষেপ নিতে পারি।

কেসের পরিণাম বা কারুর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা তা সবসময় আপনাকে জানানো আমাদের পক্ষে সম্ভব না। তবে তার মানে এই নয় যে কোনো পদক্ষেপ নেওয়া হয়নি।

**প্রতিশোধ থেকে সুরক্ষা**
দুশ্চিন্তার বিষয় নিয়ে কথা বলার জন্য সাহস প্রয়োজন। আপনি যদি সত্য বিশ্বাসে কোনো রিপোর্ট করেন — মানে আপনার যদি মনে হয় রিপোর্টটা সত্য এবং কারুর ক্ষতিসাধনের উদ্দেশ্যে আপনি রিপোর্ট করছেন না — প্রতিশোধমূলক আচরণ থেকে আপনাকে Regal Rexnord সুরক্ষিত রাখবে।

অবশ্যই, মিথ্যা রিপোর্ট সহ্য করা হবে না। যদি কেউ জেনেশুনে মিথ্যার তথ্যের ভিত্তিতে রিপোর্ট করে বা অসদাচরণ বা বিধি উল্লঙ্ঘনের দাবি করে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

Regal Rexnord-এ আপনার সত্য বিশ্বাসের ভিত্তিতে করা রিপোর্টে কেউ প্রতিশোধমূলক পদক্ষেপ নেয় না এবং আপনার কোনো পেশাগত ক্ষতি হবে না। যদি কেউ প্রতিশোধমূলক পদক্ষেপ নেয়, তার বিরুদ্ধে আমরা কঠোর পদক্ষেপ নেব, তাতে তাকে বরখাস্ত পর্যন্ত করা যায়।

# কোনো প্রশ্ন বা চিন্তার বিষয় আছে কি? সঠিক বিকল্পের ব্যাপারে নিশ্চিত জানেন না?

## আপনি এর সঙ্গে কথা বলতে পারেন।

- আপনার ম্যানেজার
- কোম্পানির আরেকজন লীডার
- মানব সংস্থান
- আইনী বিভাগ
- নৈতিকতা এবং নিয়মানুবর্তিতার অফিস
- Regal Rexnord ইন্টিগ্রিটি লাইন

এছাড়া আপনি আমাদের প্রধান দপ্তরে আমাদের Board of Directors-এর Audit Committee র কাছেও চিঠি লিখতে পারেন: 200 State St., Beloit, WI 53511 USA.

### যোগাযোগ:

608.364.8800 (Beloit অফিস)
ফ্যাক্স: 608.364.8817

integrity@RegalRexnord.com

আইনী বিভাগ
Regal Rexnord Corporation
200 State St.
Beloit, WI 53511 USA

### ইন্টিগ্রিটি লাইন (Integrity Line):

এই বিধিশেষে দেশবিশেষের নির্দেশানুসার ডায়াল করুন বা **https://bit.ly/2HpKerW**-এ অনলাইনে পোস্ট করা নম্বর ব্যবহার করুন।

ডায়াল করার পরে, আপনার ভাষা বেছে নেবেন। লাইনে থাকবেন, অনুবাদকের সঙ্গে যুক্ত হওয়ার জন্য আপনাকে হয়ত অপেক্ষা করতে হবে।

### ওয়েব পোর্টাল:

একটি তৃতীয়-পক্ষের পরিষেবা ব্যবস্থাপকের দ্বারা হোস্ট করা এই বাইরের ওয়েবসাইটে আপনার বেছে নেওয়া ভাষায় সম্পূর্ণ করা এবং জমা করে দেওয়ার জন্য একটা ফর্ম আছে।

**www.RegalRexnordintegrity.com**

**আপনি চাইলে আপনি পরিচয় গোপন করে ইন্টিগ্রিটি লাইনে রিপোর্ট করতে পারেন, এর একমাত্র ব্যতিক্রম হবে যদি আইনে তা স্পষ্টভাবে নিষেধ করা থাকে।**

**যখন আপনি ইন্টিগ্রিটি লাইনে ফোন করবেন, আমাদের তৃতীয় পক্ষ ব্যবস্থাপক Convercent-এর একজন কর্মচারী, Regal Rexnord-এর কর্মচারী নয়, আপনার রিপোর্ট নেবেন।**

**আপনি ওয়েবের মাধ্যমে যোগাযোগ করলে Convercent-এর পাঠানো একটা জমা করার ফর্ম আপনি সম্পূর্ণ করে দেবেন।**

**উভয় পদ্ধতিতে, পর্যালোচনা এবং সম্ভাব্য তদন্তের পদক্ষেপের জন্য এই তথ্য পরিচয়বিহীন পদ্ধতিতে Convercent থেকে আইনী বিভাগের দলের কাছে যায়।**

**রিপোর্ট করার সময় অনুগ্রহ করে নির্দিষ্ট বিবরণ জানাবেন যাতে আপনার চিন্তার বিষয় নিয়ে ঠিকমত তদন্ত করা যায়।**




# আমরা যখন কাজ করি, আমাদের জন্য ন্যায়পরায়ণতা গুরুত্বপূর্ণ।

# একটি নিরাপদ কর্মস্থল

যখন আমরা কাজ করতে আসি, আমরা সকলেই নিরাপদ বোধ করতে চাই, এবং আমাদের কর্মস্থল নিরাপদ করে তোলা আমাদের সমবেত দায়িত্ব। তার মানে আমাদের কাজ যাতে নিরাপদে করা হয় তা সুনিশ্চিত করা এবং আমাদের চারিপাশের পরিস্থিতি এবং আচরণ পর্যবেক্ষণে রাখা।

আপনার কাজ কর্ম করার সময় আপনার নিজের এবং অন্যদের স্বাস্থ্য এবং নিরাপত্তার কথা বিবেচনা করে নেবেন। আমাদের নীতি এবং নিরাপত্তার নিয়মগুলি অনুসরণের ব্যাপারে আমরা আপনার উপর নির্ভর করে আছি। কখনো মদ্যপান করবেন না বা অন্য কোনো ড্রাগ সেবন করবেন না যা আপনার কাজে বাধা সৃষ্টি করতে পারে।

# দায়িত্ব গুরুত্বপূর্ণ

- আমরা ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জাম (Personal Protective Equipment) ব্যবহার করি এবং কারখানার নিরাপত্তার সব নিয়ম অনুসরণ করি।
- আমাদের সাধনী এবং যন্ত্রপাতি কিভাবে নিরাপদ এবং যথাযথ উপায়ে ব্যবহার করতে হয় তা আমরা বুঝি।
- অগ্নিকান্ড বা অন্য সঙ্কটাবস্থায় আমরা যথাযথ প্রণালী অনুসরণ করে চলি।
- আমরা বিপজ্জনক আচরণ বা পরিস্থিতির ব্যাপারে সতর্ক থাকি এবং তার রিপোর্ট করি, এবং নিরাপত্তার সমস্যার সমাধান করার জন্য আমাদের কাছে কাজ বন্ধ করে দেওয়ার অধিকার আছে।
- মেশিন এবং যন্ত্রপাতি চালানোর সময় আমরা সংযত এবং সতর্ক থাকি।
- কাজের সময়, তাতে লাঞ্চ এবং সাময়িক বিরতির সময়ও অন্তর্ভুক্ত, আমরা নিজেদের কাছে মদ বা ড্রাগস রাখি না বা ব্যবহার করি না।
- আমরা হিংস্র আচরণ এবং শারীরিক বা মানসিক ভয় দেখানো এড়িয়ে যাই।
- যৌন হয়রানি আমরা সহ্য করি না।
- কোম্পানির সুবিধা ব্যবস্থায় বা কোম্পানির গাড়িতে আমরা তামাকজাত দ্রব্য ব্যবহার করি না।
- কর্মস্থলে আমরা আগ্নেয়াস্ত্র নিয়ে আসি না।
- আমরা কখনো অন্যের উপর আক্রমণ বা অন্যের ক্ষতি করি না বা হিংস্র ব্যবহারের হুমকি দিই না, এবং যে আচরণ হিংস্র, আতঙ্কজনক বা সন্দেহজনক মনে হয় আমরা অবিলম্বে তার রিপোর্ট করে দিই।

## আরেকটু কাছ থেকে দেখুন

মদ্যপান করলে — আপনার এবং কোম্পানির জন্য — বিপদাশঙ্কা থাকে তাই আমাদের সুবিবেচিত আচরণ করা প্রয়োজন।

যেসব অনুষ্ঠানে মদজাতীয় পানীয় পরিবেশন করা হয় তার জন্য কোম্পানি অফিসারের কাছ থেকে অগ্রীম অনুমতি নেওয়া প্রয়োজন। যদি কোম্পানির কোনো অনুষ্ঠানে বা কাজের সূত্রে ভ্রমণের সময় আপনি মদ্যপান করেন, তাহলে দায়িত্বশীলভাবে মদ্যপান করবেন এবং মদাসক্ত অবস্থায় ড্রাইভ করবেন না।


একইভাবে, অক্ষম অবস্থায় কাজ করবেন না। মনে রাখবেন আইনসম্মত ওষুধও অক্ষমতার কারণ হতে পারে। আপনার কোনো প্রশ্ন থাকলে আপনার ম্যানেজারের সঙ্গে কথা বলুন।

## Regal Rexnord পদ্ধতি

কেট একটা নিরাপদ বিল্ডিং-এ কাজ করেন, কী কার্ড থাকলে তবেই সেখানকার পাশের প্রবেশদ্বার দিয়ে ঢোকা যায়।

আজ সকালে যখন তিনি কাজে এসেছেন তখন একটা লোক তাকে অনুসরণ করে প্রবেশদ্বার পর্যন্ত এসে তার পিছন পিছন ঢোকার চেষ্টা করেছিল। লোকটাকে তিনি চিনতে পারেননি, তাই ব্যাজ ছাড়া তাকে ঢুকতে দেননি। বরং তিনি জানিয়ে দিলেন যে কোম্পানির নীতি অনুযায়ী তাকে সঠিক পদ্ধতিতে ঢুকতে হবে, তাই তাকে প্রধান প্রবেশদ্বারের দিকে পাঠিয়ে দিলেন।

কেট আমাদের প্রত্যাশামত কাজ করেছেন। সম্ভাব্য অননুমোদিত কর্মী এবং অনধিকার প্রবেশকারী থেকে তিনি কর্মস্থল সুরক্ষিত করেছেন।



## বিবিধতা, কর্তব্যবোধ এবং অন্তর্ভুক্তিকরণ

Regal Rexnord-এ, আমরা আন্তর্জাতিক স্তরে অন্তর্ভুক্তিকরণ এবং বিবিধতাপূর্ণ কাজের পরিবেশে বিশ্বাসী। আমাদের দল তাদের অনবদ্য দক্ষতা, দৃষ্টিভঙ্গী এবং অভিজ্ঞতার মাধ্যমে Regal Rexnord-এ যথাসাধ্য অবদান রাখে এবং আমাদের গ্রাহকদের জন্য অভিনব সমাধান প্রস্তুত করে। আমরা চাই এমন এক কর্মস্থল যেখানে ব্যক্তি হিসাবে মানুষকে যথাযথ মর্যাদা দেওয়া হয় এবং কোনোরকম বৈষম্য ছাড়া আমরা সুযোগ্য ব্যক্তিদের কাজে নিয়োগ এবং তাদের পদোন্নতি করি।

### আরেকটু কাছ থেকে দেখুন

নিম্নোক্ত বৈশিষ্ট্য দিয়ে কারুর কাজ করার ক্ষমতা বিচার করা যায় না।

ইন্টারভিউ-এ এইসব বিষয়ে প্রশ্ন করবেন না বা চাকরিতে নিয়োগের সিদ্ধান্তে এইগুলিকে যোগ্যতার শর্তস্বরূপ ব্যবহার করবেন না।

- জাতি, বর্ণ বা জাতীয়তার উৎস
- ধর্ম
- লিঙ্গ বা লিঙ্গগত পরিচয়
- যৌন প্রবণতা বা বৈবাহিক অবস্থা
- বয়স
- প্রতিবন্ধকতা
- সামরিক বা সামরিক বাহিনীর প্রাক্তন কর্মীর পদমর্যাদা
- পারিবারিক পরিস্থিতি

### দায়িত্ব গুরুত্বপূর্ণ

- আমরা সুযোগ্য ব্যক্তিদের দক্ষতা, যোগ্যতা এবং অভিজ্ঞতার ভিত্তিতে কাজে নিয়োগ এবং পদোন্নতি করি।
- আমরা জাতি, লিঙ্গ বা আইন দ্বারা সুরক্ষিত অন্য কোনো ব্যক্তিগত চারিত্রিক বৈশিষ্ট্যের ভিত্তিতে চাকরিতে নিয়োগ বা ভর্তি করার সিদ্ধান্ত নিই না।

## পারস্পরিক শ্রদ্ধা সম্ভ্রম এবং হয়রানি-বিহীন পরিবেশ

কাজে আসার ব্যাপারে কারুর লজ্জাবোধ, অস্বস্তিবোধ বা আশঙ্কাবোধ করা উচিৎ না। Regal Rexnord-এ হিংস্রতা, ভয় দেখানো, হয়রান করা এবং উত্যক্ত করার কোনো জায়গা নেই এবং সেসব সহ্য করা হবে না।

## দায়িত্ব গুরুত্বপূর্ণ

- আমরা যৌন হয়রানি সহ্য করি না।
- আমরা প্রত্যেকের প্রতি সম্মানজনক আচরণ করি — অর্থাৎ ন্যায্যভাবে, পেশাদার পদ্ধতিতে এবং সম্ভ্রমপূর্ণ আচরণ করি।
- আমরা এমন কোনো কাজ করি না যার ফলে কোনো ব্যক্তি ভয় পেয়ে যাবে বা লজ্জিতবোধ করবে বা সমাদৃতবোধ করবে না।
- আমরা উত্যক্ত, বিরক্ত করি না বা বহিষ্কার করি না।
- অন্যদের প্রতি আচরণে আমরা এই একই আদর্শমান রাখি।
- যদি অপমানজনক আচরণ বা ক্ষমতার অপপ্রয়োগ দেখি তখন আমরা সোচ্চার হই।




### আরেকটু কাছ থেকে দেখুন

কর্মস্থলে হয়রানি শুধুমাত্র যৌন হয়রানিতেই সীমাবদ্ধ থাকে না। হয়রানি বলতে এমন সব ব্যবহার গণ্য হয় যা আরেকজন ব্যক্তির জন্য আপত্তিজনক হতে পারে বা যার ফলে তিনি অনাদৃত অনুভব করতে পারেন। তাতে রয়েছে উত্যক্ত করা, ভয় দেখানো. বা সহিংস আচরণের হুমকি দেওয়া বা ঐরূপ আচরণ করা।

### Regal Rexnord পদ্ধতি

জেসিকা লক্ষ্য করলেন যে তার সহকর্মী তার প্রশাসনিক সহকারীর উপর চটে আছে এবং তার প্রতি অভদ্র ব্যবহার করছে। সময়ের সঙ্গে ঐ ব্যবহার ক্রমশ বাড়তে বাড়তে এমন অবস্থা হল যে সবসময় মনে হত তার সহকর্মী রেগে আছে। কখনো কখনো সে গালাগালও দিত।

জেসিকার মনে হল যে কারুর প্রতি এইরকম অন্যায় আচরণ করা উচিত না। যদিও তিনি এসব ব্যাপারে জড়িয়ে পড়তে চাননি, তবে এই আচরণের বিষয়ে নিজের ম্যানেজারের সঙ্গে কথা বললেন। তিনি সহকর্মীকে সাহায্য করতে পেরেছেন ভেবে আশ্বস্তবোধ করেছিলেন।



আমরা যখন আমাদের পণ্য তৈরি, বিক্রি এবং বিতরণ করি তখন আমাদের জন্য ন্যায়পরায়ণতা গুরুত্বপূর্ণ।

## পণ্য নিরাপত্তা এবং গুণগত মান

Regal Rexnord-এ, আমরা উদ্ভাবন, গুণগত উৎকর্ষতা, বিলিব্যবস্থা, প্রতিক্রিয়াশীলতা এবং খরচে বিশ্বমানের কর্মপ্রদর্শন করি। আমরা সেরামানের পণ্যোৎপাদন করি যা অভীষ্ট ব্যবহারের পক্ষে সম্পূর্ণ নিরাপদ। আমাদের পণ্যের বিশ্বাসযোগ্যতা এবং নিরাপত্তায় উন্নয়নের জন্য আমরা একসঙ্গে কাজ করি, সবসময় আইনী, নিয়ন্ত্রক এবং গ্রাহকের প্রয়োজনগুলি পূরণ করি বা তা অতিক্রম করে যাই।

### দায়িত্ব গুরুত্বপূর্ণ

- আমরা কঠোর গুণগত মান নিয়ন্ত্রণ এবং উৎপাদনের আদর্শমান অনুসরণ করি।
- আমরা দক্ষভাবে কাজ করি তবে কখনো কাজ সম্পূর্ণ করার জন্য ফাঁকিবাজি করি না।
- যখন আমরা নতুন পণ্য আবিষ্কার বা বিকাশ করি, আমরা সেসব এমনভাবে ডিজাইন করি যাতে তা গুণগত এবং নিয়ন্ত্রক আদর্শমান পূরণ করে বা সেসব অতিক্রম করে যায়।
- পণ্যের নিরাপত্তা সংক্রান্ত কোনোরকম দুশ্চিন্তার কারণ খুঁজে পেলে আমরা অবিলম্বে তার রিপোর্ট করি।



### আরেকটু কাছ থেকে দেখুন

আমাদের নতুন পণ্যবিকাশ অর্থাৎ নিউ প্রডাক্ট ডেভেলপমেন্ট (NPD) প্রক্রিয়া এমনভাবে কাঠামোবদ্ধ করা হয়েছে যাতে সুনিশ্চিত করা যায় যে আমাদের পণ্যগুলি এমনভাবে ডিজাইন করা এবং উৎপাদন করা হবে যাতে স্বাস্থ্য এবং নিরাপত্তা রক্ষার নিয়ন্ত্রক আদর্শমান এবং যথোপযুক্ত গুণগত উৎকর্ষতা পূরণ করা বা অতিক্রম করে যায়। ইঞ্জীনিয়ারিং দলের সদস্যরা ব্যবসা ইউনিট এবং অন্যান্য প্রধান কর্মদায়িত্বের সঙ্গে মিলে কাজ করে যাতে এমন পণ্য নিরাপত্তার নীতি এবং প্রক্রিয়া কার্যত প্রয়োগ করা হয় যা ডিজাইনে, উৎপাদন এবং পরীক্ষায় এবং আমাদের সব পণ্যের উপযোগী আয়ুষ্কালে নিরাপত্তারক্ষা করবে।



## সরবরাহকারীর সঙ্গে সম্পর্ক

আমাদের ব্যবসার অভিন্ন অঙ্গ আমাদের সরবরাহকারী, এবং আমরা তাদের সাবধানে বেছে নিই। সফল হওয়ার জন্য আমরা বেছে নিই এমন সরবরাহকারী যারা সেরামানের পণ্য এবং পরিষেবা দেয় এবং আমাদের মত তারাও সঠিক পন্থায় ব্যবসা করায় সমান আস্থাবান।

## দায়িত্ব গুরুত্বপূর্ণ

- যেসব কোম্পানি এবং লোকজন মানবাধিকারকে মান্য করে আমরা তাদের সঙ্গে কাজ করি।
- আমরা চাই যে আমাদের সরবরাহকারীরা নিরাপদ এবং স্বাস্থ্যকর কাজের পরিবেশ রাখুক যাতে তাদের কর্মচারীদের প্রতি মর্যাদাপূর্ণ এবং সম্ভ্রমপূর্ণ ব্যবহার করা হয়।
- আমরা আরো চাই যে আমাদের সরবরাহকারীরা বিধিনিষেধযুক্ত বা বিপজ্জনক পদার্থের ব্যবস্থাপনার শর্ত সমেত সোর্সিং-এর নিয়ম এবং আইন মেনে চলবে।
- আমাদের সরবরাহকারীদের গোপনীয় এবং সংবেদনশীল তথ্যাদি আমরা সুরক্ষিত করে রাখি এবং আশা করি যে তারাও আমাদের গোপনীয় তথ্য সুরক্ষিত রাখবে।
- অনুচিত সম্পর্ক গড়ে ওঠার আভাসটুকুও যাতে না থাকে সেইজন্য আমরা নিয়মিত পুনরায় নিলাম ডাকার বিষয়ে বিবেচনা করি।

### আরেকটু কাছ থেকে দেখুন

Regal Rexnord-এর সঙ্গে ব্যবসা করার জন্য আমাদের সরবরাহকারীদের নৈতিকতার সেরা আদর্শ পূরণ করতে হয় এবং তাদের সরবরাহ শৃঙ্খলের উপযুক্ত সুরক্ষাব্যবস্থা রাখতে হয়।

আমাদের সরবরাহকারীরা যে বাস্তবিকই আমাদের আদর্শমান পূরণ করছে সে বিষয়ে সুনিশ্চিত হতে আমরা তাদের কাজে নেওয়ার আগে যথাযথ অধ্যয়ন করে নিই, এবং আমরা পরীক্ষা, পরিদর্শন বা সাইট পরিদর্শন করতে পারি বা তাদের প্রমাণপত্র সম্পূর্ণ করে দিতে বলতে পারি। আমরা সরবরাহকারীদের অবিরাম উন্নতি করতে বলি এবং আমাদের সেরা আদর্শে তাদের বিচার করি।

## ন্যায়ানুগ প্রতিযোগিতা

সরবরাহকারীদের সঙ্গে ষড়যন্ত্র করে বা প্রতিযোগীদের জন্য অন্যায্য অসুবিধা সৃষ্টি করে নয় — বরং গুণগত উৎকর্ষতা এবং আমাদের কাজের মোট মূল্য অনুসারে আমরা গ্রাহকের কাছ থেকে অর্ডার নিই। ন্যায়সঙ্গত এবং উন্মুক্ত বাজার সুনিশ্চিত করার মত প্রতিদ্বন্দ্বিতার আইনানুসারে আমরা সত্যনিষ্ঠ এবং ন্যায্য পদ্ধতিতে প্রতিযোগিতা করি।

## দায়িত্ব গুরুত্বপূর্ণ

- আমরা অন্যায়ভাবে দাম ধার্য করি না। প্রতিযোগী, সরবরাহকারী, বা অন্যদের সঙ্গে শলা পরামর্শ না করে বা পারস্পরিক সম্মতি না নিয়ে — আমরা স্বতন্ত্রভাবে দাম স্থির করি।
- আমরা বিধিবর্জিত উপায়েও প্রতিযোগীদের সঙ্গে এলাকা, পণ্যসারি বা গ্রাহক ভাগাভাগি করে নিই না।
- আমাদের দামের প্রক্রিয়া বা পদ্ধতিতে পরিবর্তন করার আগে এবং বিতরণকারী বা প্রতিযোগীর সঙ্গে ব্যবসায়িক সম্পর্ক শুরু বা শেষ করার আগে আমরা আইনী বিভাগের সঙ্গে পরামর্শ করে নিই।
- যে আইনগুলি আমাদের প্রতিযোগীদের সঙ্গে যোগাযোগ রাখা সীমিত করে আমরা সেসব বুঝি এবং বাণিজ্য সংক্রান্ত বা পেশাগত সহযোগিতার মিটিং-এ অংশগ্রহণের সময় আমরা এই নিয়মগুলি মেনে চলি।
- আমরা উপলব্ধি করি যে প্রতিযোগীদের সঙ্গে কথাবার্তা বলা বিপজ্জনক হতে পারে এবং সৌজন্যমূলক কথোপকথন ব্যতীত যে কোনোপ্রকারের কথাবার্তার আগে আমরা আইনী বিভাগের অনুমতি চেয়ে নিই।
- আমরা বুঝি আমরা যেভাবে প্রতিযোগিতামূলক তথ্য সংগ্রহ করি সেটা গুরুত্বপূর্ণ। প্রতিযোগীদের বিষয়ে তথ্য সংগ্রহ করার সময়, আমরা সর্বজনীন উৎস ব্যবহার করি এবং জালিয়াতি বা ছলচাতুরি করি না।

---

প্রতিযোগিতারআইনানুসার,নিত্যনৈমিত্তিকহালকাকথোপকথনেওএই জিনিসগুলি বেআইনী:

- দাম স্থির বা ধার্য করায় সম্মতি
- এলাকা ভাগ করে দেওয়ায় সম্মতি
- গ্রাহক ভাগ করে নেওয়ায় সম্মতি
- পণ্য সারি ভাগাভাগি করে নেওয়ায় সম্মতি

---

### আরেকটু কাছ থেকে দেখুন

সরবরাহকারী বা গ্রাহক যদি প্রতিযোগী হয় তখন ন্যায্য পদ্ধতিতে প্রতিযোগিতা করা জটিল হয়ে ওঠে।

সব কথোপকথনে বর্তমান ব্যবসায়িক সম্পর্কে মনোনিবেশ করবেন এবং সবসমেত বাজার বা ইন্ডাস্ট্রি নিয়ে আলোচনা করবেন না। কোন্ কাজটা ঠিক সে ব্যাপারে আপনার যদি কোনো প্রশ্ন থাকে তাহলে আইনী বিভাগের পরামর্শ নিয়ে নেবেন।

### Regal Rexnord পদ্ধতি

সারা যখন বিজিং-এ একটি অধিবেশনে গিয়েছিলেন তখন একজন প্রতিযোগীর সেলস ম্যানেজার পিটার তার সঙ্গে আলাপ করলেন।

তারা কিছুক্ষণ অধিবেশনের বিষয়ে সৌজন্যমূলক কথাবার্তা বললেন। তারপর পিটার বললেন একটা উপায় আছে যা দিয়ে তারা একসাথে একে অপরকে সাহায্য করতে পারে। সারা তৎক্ষণাৎ বুঝলেন তাকে এই কথাবার্তা থেকে সরে যেতে হবে। তিনি সেলস ম্যানেজারকে জানালেন কেন চলে যাচ্ছেন। তারপর তিনি নিজের রুমে গিয়ে যা ঘটেছে সেসব রিপোর্ট করার জন্য তার ম্যানেজারকে ফোন করলেন। তার ম্যানেজার প্রিয়া বললেন যে কথোপকথন বন্ধ করে তিনি ঠিক কাজ করেছেন — এবং অধিবেশনের অবশিষ্ট সময়টা তিনি পিটারকে এড়িয়ে যেতে বললেন। তিনি জানালেন যে তিনি আইনী বিভাগকেও কথাটা জানিয়ে দেবেন।

সারা সত্বর যে কাজটা করলেন তাতে এমন কথোপকথনে বাধা দেওয়া গেল নতুবা তিনি নিজে এবং Regal Rexnord Rex-nord গুরুতর বিপদে পড়তে পারত।

## আরেকটু কাছ থেকে দেখুন

"সহজীকরণের পেমেন্ট"-এর ব্যাপারে সাবধান। প্রায়ই মনে হয় এইগুলি ঘুষ না কারণ এতে সামান্যই অর্থ দেওয়া হয় এবং সাধারণত আধিকারিক দায়িত্বের লোকেরা এর অনুরোধ করে থাকেন।

যেমন:

- কয়েকটা পণ্যের দ্রুত ক্লিয়ারেন্সের জন্য কাস্টমস বিভাগের কর্মকর্তা
- একটা উল্লঙ্ঘন অগ্রাহ্য করার বিনিময়ে একজন ইন্সপেক্টার
- একটা পণ্যে সার্টিফিকেট দেওয়ার জন্য একজন মূল্যায়নকারী
- অনুকূল পরিণামের জন্য একজন পরীক্ষক

আমরা সহজীকরণের পেমেন্ট করি না। যদি আপনার কাছ থেকে তেমন কিছু চাওয়া হয়, সেটা দিতে রাজি হবেন না এবং আপনার সুপারভাইজার বা আইনী বিভাগের কাছে তেমন অনুরোধের রিপোর্ট করে দেবেন।

## Regal Rexnord পদ্ধতি

অ্যালেন একজন সরকারি ক্লায়েন্টের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করেন, তার মেয়ে স্কুলে পড়ে।

সেই ক্লায়েন্ট তার মেয়েকে ইউ.এস-এ কলেজে পাঠাতে চান এবং অ্যালেনকে জিজ্ঞাসা করলেন তার প্রাক্তন কলেজে সুপারিশ করে একটা চিঠি লিখে দিতে পারেন কিনা। ভদ্রলোককে অ্যালেন পছন্দ করেন এবং তাকে বন্ধু মনে করেন, তবে তিনি বুঝতে পারছেন যে তার এই সুপারিশ তার ক্লায়েন্ট এবং তার পরিবারের জন্য ব্যক্তিগতভাবে গুরুত্বপূর্ণ।

অ্যালেন আইনী বিভাগে ফোন করলেন এবং তারা তাকে ঐ চিঠি না লেখার পরামর্শ দিল। অ্যালেনের সুবিবেচিত চিন্তাভাবনার ফলে তিনি একটা আইনী বিপদাশঙ্কা এড়িয়ে যেতে পারলেন।



# দুর্নীতির মোকাবিলা করা

আমরা সব ধরণের দুর্নীতি এবং ঘুষ উৎকোচ বিরোধী এবং আমাদের ব্যবসায় বা আমাদের ব্যবসা সহযোগীদের কাজে আমরা এসব সহ্য করব না। পৃথিবীর যেখানেই আপনি থাকুন — Regal Rexnord-এ ব্যবসা পাওয়া বা ধরে রাখার জন্য কেউ উপহার, নগদ, আনুকূল্য বা মূল্যবান কিছু দেবে না। তাছাড়া আমরা দুর্নীতি-বিরোধী সব আইন মেনে চলি এবং উপলব্ধি করি যে ইউ.এস. ফরেন করাপ্ট প্র্যাক্টিসেস অ্যাক্ট (FCPA), ইউ.কে. ব্রাইবারি অ্যাক্ট (UKBA), এবং ব্রাজিল ক্লীন কোম্পানিজ অ্যাক্টের (Brazil Clean Companies Act) মত কয়েকটা আইন অনেক দেশে আমাদের কাজকর্মের ক্ষেত্রে প্রযোজ্য হতে পারে।

## দায়িত্ব গুরুত্বপূর্ণ

- অনুচিত ব্যবসায়িক সুবিধা পেতে বা ধরে রাখতে আমরা ঘুষ দেওয়ার পন্থা ব্যবহার করি না বা দুর্নীতিপরায়ণ কাজ করি না।
- আমাদের পক্ষ থেকে আমরা কাউকে ঘুষ দেওয়ার অনুমতি দিই না।
- Regal Rexnord-এর পক্ষ থেকে কেউ কাজ করলে তার জন্য আমরা দায়বদ্ধ থাকি।
- অনুচিত আচরণ প্রতিরোধ করতে আমরা আমাদের ব্যবসা সহযোগী এবং এজেন্টদের প্রতি সতর্ক লক্ষ্য রাখি।
- আমরা সব পেমেন্ট এবং লেনদেনের নির্ভুল রেকর্ড রাখি।
- সরকারি বা সর্বজনীন কর্মকর্তাদের সঙ্গে কথোপকথনে আমরা সবসময় আইন এবং কোম্পানির নীতি অনুসরণ করে চলি।

**ঘুষ** অর্থাৎ কোনোকিছু মূল্যবান যার ফলে ব্যক্তিবিশেষের ব্যবসায়িক সিদ্ধান্তে প্রভাব পড়তে পারে।

অনেকেই ঘুষ বলতে বোঝেন নগদ বা দামী উপহার, তবে যাতায়াতের খরচ বহন করা, চাকরি দেওয়া বা কাউকে বা কারুর পরিবারের সদস্যকে সাহায্য করার জন্য ব্যক্তিগত প্রভাব কাজে লাগানোও ঘুষ হতে পারে।

## উপহার, খাওয়ানো, এবং বিনোদন

আমাদের গুণগত মান, দক্ষতা, বিশ্বস্ততা এবং দৃঢ়তার ভিত্তিতে আমরা ব্যবসা পেতে চাই — যারা সিদ্ধান্ত নেবেন তাদের অনুচিত উপহার দিয়ে, বিনোদন করে বা আতিথেয়তা করার মাধ্যমে না।

উপহার দেওয়া বা নেওয়া, খাওয়াদাওয়া এবং বিনোদনের ফলে বন্ধুসুলভ মনোভাব এবং কাজের ক্ষেত্রে সুসম্পর্ক গড়ে উঠতে পারে — তবে আমাদের সাধারণ বুদ্ধিবিবেচনামত এবং কোম্পানির পথনির্দেশের সীমামধ্যে তা করতে হবে। অসতর্ক সিদ্ধান্তের ফলে আমাদের সংস্থানের অপপ্রয়োগ করা হয় এবং তার ফলে Regal Rexnord-এর সুনামহানি হতে পারে এমনকি সেটা ঘুষও মনে হতে পারে।

## দায়িত্ব গুরুত্বপূর্ণ

- উপহার, খাওয়াদাওয়া এবং বিনোদনে আমরা সাধারণ বুদ্ধিমত কাজ করি। যে কাজে মনে হতে পারে যে আমরা ব্যবসায় অনুকূল পরিণাম বা সুবিধাজনক পারিতোষিক পাওয়ার অভিসন্ধি দেখাচ্ছি তেমন সব কাজ আমরা এড়িয়ে যাই।
- আমরা নগদ বা নগদের সমপরিমাণ কিছু যেমন গিফ্ট সার্টিফিকেট বা ভাউচার দিই না বা নিই না।
- আমাদের পক্ষ থেকে যেসব উপহার দেওয়া নিষেধ, তেমন উপহার আমরা আমাদের ব্যবসা সহযোগীদের দিতে বলি না।
- লিঙ্গ নির্বিশেষে দেওয়া গেলে এবং পেশাদার ব্যবস্থার উপযুক্ত হলে তবেই আমরা বিনোদনের ব্যবস্থা করি।
- আমরা সর্বজনীন বা সরকারি কর্মচারী, প্রতিনিধি, কর্মকর্তা বা তাদের পরিবারের সদস্যদের দামী কিছু দিই না।

### আরেকটু কাছ থেকে দেখুন

Regal Rexnord-এ, আমরা যাদের সঙ্গে কাজ করি সেইমত আমাদের উপহারের প্রয়োজনীয়তায় প্রভেদ থাকে। উদাহরণস্বরূপ, আমাদের সাধারণ বাণিজ্যিক লেনদেনের সময় US$100 বেশি উপহার দেওয়া বা নেওয়ার আগে আমাদের অনুমতি চেয়ে নিতে হয়। আমরা যদি সরকারি কর্মচারী, প্রতিনিধি, কর্মকর্তা, বা তাদের পরিবারের সঙ্গে কাজ করি, মূল্যবান কোনোকিছু দেওয়া বা স্বীকার করে নেওয়ার আগে আমাদের আইনী বিভাগের অনুমতি নিয়ে নিতে হবে।

ব্যবসায় কোনো উপহার দিতে চান? Regal Rexnord-এর পথনির্দেশ অনুসার, সেটা হতে হবে:

- সামান্য মূল্যের (সাধারণত US$25-এর কম)
- আইনত এবং প্রাপক কোম্পানির নীতিতে অনুমোদিত
- প্রাপক তার অনুরোধ করবেন না
- উপযুক্ত (এবং আপত্তিজনক না)
- যথাযথ ব্যবসায়িক উদ্দেশ্য সম্পর্কিত
- নিয়মিত দেওয়া যাবে না

### Regal Rexnord পদ্ধতি

সেলস ম্যানেজার মার্টিন এক পুরানো গ্রাহকের সঙ্গে দেখা করতে গেলেন, তার মোটরসাইকেল রেসিং-এর খুব শখ। গ্রাহক মার্টিনকে বললেন ঐ সপ্তাহান্তে তার কাছে মোটো জিপি (Moto GP) রেসের টিকিট আছে তবে তিনি নিজে যেতে পারছেন না। তিনি মার্টিন এবং তার স্ত্রীকে টিকিটগুলি দিতে চাইলেন।

মার্টিনের খুব যাওয়ার ইচ্ছা তবে তার মনে হল টিকিটের দাম US$100-এর বেশি তাই তিনি বারণ করে দিলেন।

### সরকারের সঙ্গে কাজ করা

যখন আমরা স্থানীয়, রাজ্যস্তরের এবং রাষ্ট্রীয় সরকারের সঙ্গে এবং সরকারি মালিকানাধীন সত্তার সঙ্গে কাজ করি তখন বিশেষ কয়েকটি বাধানিষেধ প্রযোজ্য হয় — তাই আপনি যদি সরকারি গ্রাহকদের সঙ্গে কাজ করেন তাহলে আপনি নিয়মগুলি বুঝেছেন কিনা সে বিষয়ে নিশ্চিত হয়ে নেবেন। প্রস্তাব রাখা, পার্চেস অর্ডার (POs) নেওয়া বা সরকারি কাজের চুক্তিতে স্বাক্ষর করার আগে আইনী বিভাগের সাহায্য চেয়ে নেবেন।

সরকারি কর্মকর্তাদের সঙ্গে যেসব কাজ করতে হয় এবং যেখানে কোম্পানিকে প্রভাবিত করার মত আইন এবং বাধানিষেধের পরিবর্তন হতে পারে (যেমন উদ্দেশ্যসিদ্ধির চেষ্টা করা) সেক্ষেত্রে আইনী বিভাগের অগ্রীম অনুমোদন চেয়ে নিতে হয়।

যখন সীমানা অতিক্রম করে মোটর বা গীয়ারিং-এর মত বাস্তব জিনিসপত্র স্থানান্তর করা হয় তখন তাকে **রপ্তানি** করা বলে।

রপ্তানিতে সফ্টওয়্যার, পরিষেবা বা প্রযুক্তিগত জ্ঞানও থাকতে পারে — যেমন যদি:

- আপনার ল্যাপটপের দলিলপত্র এক দেশের সীমানা ছাড়িয়ে অন্য দেশে নিয়ে যাওয়া হয়
- অনলাইনে টেকনিকাল তথ্য পোস্ট বা ইমেল করা হয়
- অন্য দেশের কাউকে সংক্ষিপ্তবর্ণন দেওয়া হয় বা কারখানা ভ্রমণ করানো হয়

যদি আপনি এমন কোনো পণ্য, পরিষেবা, তথ্য বা সফ্টওয়্যার নিয়ে কাজ করেন যাতে রপ্তানির নিষেধাজ্ঞা আছে, সেক্ষেত্রে কখন সেসব রপ্তানি করা হচ্ছে এবং আপনাকে যে বাধানিষেধ এবং প্রক্রিয়া প্রণালী অনুসরণ করতে হবে সেসব আপনি বুঝেছেন কিনা সে বিষয়ে নিশ্চিত হয়ে নেবেন।

## আরেকটু কাছ থেকে দেখুন

বিশ্বনেতা হিসাবে, আমাদের সুনিশ্চিত করতে হবে যে আমাদের পণ্য যেন ভুল লোকের হাতে না পৌঁছে যায়। এটা করার জন্য আমরা আমাদের সরবরাহ শৃঙ্খল এবং আমাদের দেশের ও আন্তর্জাতিক উভয় প্রকারের গ্রাহক সম্বন্ধে খোঁজখবর নিয়ে রাখি।

আমরা যে সম্মানযোগ্য সত্তার সঙ্গে কাজ করছি সে বিষয়ে সুনিশ্চিত হওয়ার জন্য আমাদের গ্রাহকের ব্যাপারে যথেষ্ট তথ্য জেনে রাখতে হবে — এবং যারা সন্ত্রাসবাদ বা বেআইনী অস্ত্র উৎপাদনের কাজে জড়িত বা বিপজ্জনক বা বেআইনী কাজকর্মের জন্য যারা নিষিদ্ধ তালিকাভুক্ত তাদের কাছে বিক্রি বা রপ্তানি করা আমাদের এড়িয়ে যেতে হবে।

# আন্তর্জাতিক বাণিজ্য নিয়ন্ত্রণ

আমরা এক অগ্রগণ্য আন্তর্জাতিক প্রতিষ্ঠান, বিশ্বব্যাপী আমরা কাজ করছি, নানা সীমানা ছাড়িয়ে ব্যবসা পরিচালনা করছি। ন্যায়সম্মত ব্যবসায়িক পদ্ধতি সুনিশ্চিত করার জন্য এবং দেশগুলি যাতে একে অপরের প্রতি ন্যায্য ব্যবহার করে সেইজন্য আন্তর্জাতিক বাণিজ্য নিয়ন্ত্রণের আইন রয়েছে। ব্যবসা নিয়ন্ত্রণের আইন এবং বিধিনিষেধ জটিল, টেকনিকাল এবং পরিবর্তনসাপেক্ষ, তবে যেখানে আমরা ব্যবসা করব সেখানে আমাদের অবশ্যই ঐগুলির বিষয়ে ওয়াকিবহাল থাকতে এবং অনুসরণ করতে হবে।

## দায়িত্ব গুরুত্বপূর্ণ

- আমাদের পণ্যদ্রব্য আমদানি বা রপ্তানি করার সব নীতি এবং প্রক্রিয়া আমরা অনুসরণ করি। তার মানে:
  - পণ্য রপ্তানি করার যথোপযুক্ত অনুমতি নেওয়া
  - গ্রাহকদের পরীক্ষা করে নেওয়া যাতে সুনিশ্চিত করা যায় যে তাদের কাছে আমাদের রপ্তানি গ্রহণ করে নেওয়ার অনুমতি আছে
  - সব প্রয়োজনীয় দলিলপত্র জমা করে দেওয়া, এবং অন্যেরা সেসব তৈরি করলেও সেসব যাতে সময়মত, সত্যনিষ্ঠ, নির্ভুল এবং সম্পূর্ণ হয়, তা সুনিশ্চিত করা
  - প্রয়োজনমত রেকর্ড রেখে দেওয়া
  - এটা যথাযথ করার জন্য গ্লোবাল ট্রেড কমপ্লায়েন্স টীমের সঙ্গে প্রয়োজনমত কাজ করা
- আমাদের গ্রাহকদের মালিক, কাজকর্ম, স্থান এবং আমাদের উপকরণের চূড়ান্ত ব্যবহারের স্পষ্ট উত্তর আমরা জেনে নিতে চাই।
- বিধিনিষেধযুক্ত দেশ, গোষ্ঠী বা ব্যক্তিবিশেষের কাছে বা যারা ঐরূপ সত্তার কাছে আবার রপ্তানি করবে তেমন কারুর কাছে আমরা রপ্তানি করি না।
- আমরা কয়েকটা দেশকে বয়কট করায় অংশ নিই না বা তাতে সমর্থন করি না।

## অর্থপাচার এবং জালিয়াতির মোকাবিলা করা

যে কোনো আকারের ব্যবসা অর্থপাচার এবং জালিয়াতির শিকার হতে পারে। এটা এড়িয়ে যেতে, যেসব গ্রাহক আইনসম্মত ব্যবসায়িক কাজকর্ম করে এবং আইনসম্মত উৎস থেকে তাদের অর্থসংস্থান পায় আমরা শুধুমাত্র তাদের সঙ্গে ব্যবসা করি। সাবধান হওয়ার মত সঙ্কেতের ব্যাপারে আমরা সজাগ থাকি এবং যে প্রত্যাশিত গ্রাহক সম্পর্কের ফলে আমরা বিপন্ন হতে পারি তেমন গ্রাহকদের সনাক্ত করা এবং এড়িয়ে যাওয়ার জন্য আমরা যুক্তিসঙ্গত পদক্ষেপ নিই।

### দায়িত্ব গুরুত্বপূর্ণ


- প্রতিনিধি, বিতরণকারী বা তৃতীয় পক্ষের এজেন্ট সমেত যে কোনো ব্যবসা সহযোগীর সঙ্গে কাজে জড়িয়ে পড়ার আগে আমরা যথাযথ অধ্যয়ন করে নিই।
- নিম্নোক্তগুলির মধ্যে কোনো কিছু ঘটলে আমরা আইনী বিভাগ বা **integrity@RegalRexnord.com**-এর কাছে রিপোর্ট করি:
  - গ্রাহক বা গ্রাহকের প্রতিনিধিদের জানানো মিথ্যা তথ্য
  - নগদ বা নগদের সমপরিমাণে (মানি অর্ডার, ট্র্যাভেলার্স চেক) পেমেন্ট করা
  - তৃতীয় পক্ষের মাধ্যমে বা তৃতীয় পক্ষকে দাম দেওয়ার অনুরোধ
  - যেসব জায়গার সঙ্গে সাধারণত সন্ত্রাসবাদ বা ড্রাগ পাচারের সম্পর্ক থাকে সেখানকার ব্যবসায়িক যোগাযোগ
  - স্বাভাবিক রেকর্ড রাখা এবং রিপোর্ট করার প্রয়োজনীয় শর্তাদি এড়িয়ে যাওয়ার জন্য লেনদেনের পদ্ধতিগঠনের প্রয়াস



নতুন প্রতিনিধি, বিতরণকারী, তৃতীয় পক্ষের এজেন্ট বা অন্য ব্যবসা সহযোগীর সঙ্গে কাজে জড়িত হওয়ার আগে, অবশ্যই সুনিশ্চিত করে নেবেন যে আমরা তাদের যথোপযুক্ত অধ্যয়ন করে নিয়েছি এবং **ব্যবসা সহযোগীদের কাজে নিয়োগ এবং পুনর্নিয়োগের প্রক্রিয়া** অনুসরণ করছি।

### Regal Rexnord পদ্ধতি

একজন সরবরাহকারীর পেমেন্টের অনুরোধে অলিভিয়া কাজ করছিলেন, তিনি একটা ইমেল পেলেন, তাতে পেমেন্টের জন্য যে ঠিকানা জানানো হয়েছিল তা বদলে দিতে বলা হয়েছে। যে এই অনুরোধ করেছে তার নাম ইনি চিনতে পারলেন না এবং সাধারণত ইনি যে যোগাযোগের ঠিকানার সঙ্গে কাজ করেছিলেন তার থেকে এই ইমেলের ঠিকানার URL একটু অন্যরকম। ঠিকানা বদলের প্রক্রিয়া শুরু করার আগে, ইনি আইনী বিভাগে যোগাযোগ করলেন। বিশ্লেষণের পর জানা গেল একটা সন্দেহজনক ইমেল ঠিকানা থেকে ঐ অনুরোধ পাঠানো হয়েছে। পরীক্ষা না করে ইনি যদি দাম দিয়ে দিতেন তাহলে ভুল জায়গায় পেমেন্ট পৌঁছে যেত।




# যেসব সিদ্ধান্তের ফলে কোম্পানিতে প্রভাব পড়তে পারে তেমন সিদ্ধান্ত নেওয়ার সময় আমাদের জন্য ন্যায়পরায়ণ থাকা গুরুত্বপূর্ণ।



## আমাদের সম্পদগুলি রক্ষা করা

Regal Rexnord-এর সম্পত্তি ঠিকমত ব্যবহার করা আমাদের প্রত্যেকের দায়িত্ব। তার মানে যখন আমরা কোম্পানি অর্থসম্বল, সম্পত্তি, তথ্য এবং তথ্য ব্যবস্থা ব্যবহার করব তখন আমাদের সাধারণ বিচক্ষণতা দিয়ে কাজ করতে হবে এবং প্রয়োজনমত সাবধানতা অবলম্বন করতে হবে।

## দায়িত্ব গুরুত্বপূর্ণ

- শুধু কোম্পানির কাজের উদ্দেশ্যে এবং কোম্পানির স্বার্থে আমরা Regal Rexnord-এর সম্পত্তি ব্যবহার করি।
- ভ্রমণ বাবদ খরচ বা পেশাদার ইমেল লেখার জন্য কোম্পানির অর্থব্যয় করার মত উদ্দেশ্যে, যখনই আমরা কোম্পানির সম্পত্তি ব্যবহার করি তখন আমরা সুবিবেচিত পদ্ধতিতে কাজ করি।
- আমরা ব্যক্তিগত কম্পিউটার, ইমেল এবং সেল ফোন সমেত কোম্পানির সবরকম ইলেক্ট্রনিক সম্পদ ঠিকমত ব্যবহার করি।
- আমরা সাইবারসিকিউরিটির সব নীতি এবং প্রণালী অনুসরণ করি।

### আরেকটু কাছ থেকে দেখুন

কখনো কখনো ব্যক্তিগত কারণে প্রাসঙ্গিক কোম্পানির সংস্থান ব্যবহার করা গ্রহণযোগ্য হতে পারে। উদাহরণস্বরূপ, একটা অ্যাপয়েন্টমেন্ট সুনিশ্চিত করার জন্য আপনাকে হয়ত ডাক্তারের অফিসে ফোন করতে হবে কিংবা বাড়ি ফেরার পথে যানজটের খবর জানতে ইন্টারনেট দেখতে হবে।

সুবিবেচিত কাজ করুন: যদি প্রচুর সংস্থান ব্যবহার করতে না হয়, বা যদি আপনার বা অন্য কারুর কাজে সেটা বাধা সৃষ্টি না করে তাহলে সেটা করতে আপত্তি নেই। নির্দিষ্ট সুবিধাব্যবস্থা এবং কর্মদলের নিয়ম অবশ্যই মেনে চলতে হবে।



## আরেকটু কাছ থেকে দেখুন

আমাদের মূল্যবান কোম্পানি সম্পদে এমন সব তথ্য গণ্য হবে যা সাধারণত জনসাধারণের কাছে নেই, তাতে — যে ফর্ম্যাটেই পাওয়া যাক, এমন সব তথ্য থাকতে পারে যা আমরা তৈরি করেছি, কিনেছি বা লাইসেন্স আছে বা গ্রাহক এবং সরবরাহকারীর কাছ থেকে পেয়েছি।

বৈধ ব্যবসায়িক কারণে Regal Rexnord-এর বাইরে লোকেদের কোম্পানির তথ্য জানানোর প্রয়োজন হতে পারে। তা করার আগে, গোপনীয়তার চুক্তির ব্যাপারে সাহায্যের জন্য আইনী বিভাগের পরামর্শ নিয়ে নেবেন।



# গোপনীয় তথ্য

কোম্পানি, আমাদের গ্রাহক এবং আমাদের সরবরাহকারী আমাদের উপর বিশ্বাস করে গোপনীয় তথ্য জানায় এবং আশা করে যে আমরা সেসব সুরক্ষিত রাখব। আমাদের কর্মসূত্রে যেসব গোপন তথ্য নিয়ে কাজ করতে হয় তা সুরক্ষিত রাখা আমাদের সবার দায়িত্ব। সেসব সুরক্ষিত করে রাখবেন এবং যদি আপনার কাজের জন্য দরকার হয় শুধু তাহলে তা ব্যবহার করবেন বা অন্যদের দেখাবেন। এর একমাত্র ব্যতিক্রম হবে যখন প্রকাশ করার যথাযথ অনুমতি দেওয়া হবে বা আইনত প্রয়োজন হবে।

## দায়িত্ব গুরুত্বপূর্ণ

- আমরা তথ্য নিরাপদ এবং গোপন রাখি এবং অনুমতি না নিয়ে সেসব কাউকে দেখাই না।
- সর্বজনীন এলাকায় আমরা গোপন তথ্য নিয়ে আলোচনা এড়িয়ে যাই।
- আইনসঙ্গত কারণে জানানোর প্রয়োজন না হলে আমরা Regal Rexnord- এর বাইরে কাউকে তথ্য জানাই না এবং অনুমতি না নিয়ে কখনোই এইসব তথ্যপ্রকাশ করি না।
- শুধু অভীষ্ট উদ্দেশ্যসাধনের জন্য আমরা গোপনীয় তথ্য ব্যবহার করি এবং কখনোই ব্যক্তিগত কারণের জন্য নয়।
- গোপনীয় দলিলপত্র সামলানো এবং কপি করার সময় আমরা দায়িত্বশীল পদ্ধতিতে কাজ করি এবং আমাদের কাজ ঠিকমত করার জন্য কর্মস্থল থেকে দলিল সরানোর প্রয়োজন হলে তবেই সেসব অন্যত্র নিয়ে যাই।
- আমরা সঠিক পদ্ধতিতে কোম্পানির তথ্যের নিষ্পত্তি করি।
- আগেকার চাকরিতে আমরা যে গোপনীয় তথ্য জেনেছি সেসব আমরা ব্যবহার করি না, এবং Regal Rexnord-এ আমাদের চাকরির সমাপ্তিতে Regal Rexnord-এর গোপনীয় তথ্য সুরক্ষিত করে রাখা আমাদের দায়িত্ব।

## ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা

আমাদের কাজ করতে গিয়ে আমরা যে ব্যক্তিগত তথ্য ব্যবহার করি এবং জমা করে রাখি সেসব সুরক্ষিত করে রাখা আমাদের দায়িত্ব। ইয়োরোপীয়ান ইউনিয়নে জেনেরাল ডেটা প্রোটেক্সন রেগুলেশনের (GDPR) মত আইনে অনেক শর্ত রয়েছে যা আমাদের অবশ্যই অনুসরণ করতে হবে। যারা আমাদের ব্যক্তিগত তথ্য জানাবেন তাদের আমাদের উপর ভরসা থাকা চাই যে আমরা দায়িত্বশীল উপায়ে সেসব সামলে রাখব, শুধুমাত্র বৈধ ব্যবসায়িক উদ্দেশ্যে এবং প্রাসঙ্গিক গোপনীয়তার প্রযোজ্য আইনানুসারে সেসব ব্যবহার করব এবং জমা করে রাখব।

## দায়িত্ব গুরুত্বপূর্ণ


- যখন আমরা ব্যক্তিবিশেষের ব্যক্তিগত তথ্য নিয়ে কাজ করি আমরা সেসব স্বীকার করে নিই এবং সেসব সুরক্ষিত করার জন্য পদক্ষেপ নিই।
- আমরা জানি গোপনীয়তার পরিপ্রেক্ষিতে কয়েকটা উপাত্ত দেখা বা ব্যবহারের ব্যাপারে আমাদের বাধানিষেধ মেনে চলতে হয়।
- আমরা যদি ব্যক্তিগত উপাত্ত সংগ্রহ করি, আমরা যা যা সংগ্রহ করি এবং যেভাবে সেসব ব্যবহার করা হবে সে ব্যাপারে আমরা স্বচ্ছতা রাখি এবং সম্মতি নেওয়ার প্রয়োজন হলে আমরা সেসব চেয়ে নিই।
- যে কারণে ব্যক্তিগত তথ্য সংগ্রহ করতে হয়েছে শুধু সেই উদ্দেশ্যে আমরা সেসব ব্যবহার করি এবং আমাদের যতদিন প্রয়োজন শুধু ততদিন যাবৎ আমরা সেসব রেখে নিই।
- ব্যক্তিগত তথ্য যাতে অনুচিতভাবে প্রকাশিত হয়ে না পড়ে তা সুনিশ্চিত করার জন্য আমরা আমাদের উপাত্ত নিরাপত্তা প্রক্রিয়া অনুসরণ করি।
- স্পষ্ট অনুমতি না পেলে আমরা, সরবরাহকারী এবং অন্য তৃতীয় পক্ষ সমেত কারুর ব্যক্তিগত তথ্য অন্যদের জানাই না।

### আরেকটু কাছ থেকে দেখুন

আমাদের এই ডিজিটাল যুগে জীবনযাপনের ফলে কোম্পানিরা লোকেদের বিষয়ে প্রচুর পরিমাণ তথ্য সংগ্রহ এবং জমা করে রাখতে পারে।

লোকেরা এবং কোম্পানি যেভাবে এইসব উপাত্ত রাখে এবং ব্যবহার করে তা নিয়ন্ত্রিত করতে সরকার নিষেধাজ্ঞা জারি করেছে।

এইসব গোপনীয়তার শর্তে আমরা সবাই প্রভাবিত। উপাত্ত যাতে যথাযথ উপায়ে নিরাপদে রাখা এবং স্থানান্তর করা হয় সেইজন্য Regal Rexnord-এ আমাদের কাছে উপযুক্ত সুরক্ষাব্যবস্থা আছে।



## আরেকটু কাছ থেকে দেখুন

আমরা যেমন আশা করি যে অন্যেরা আমাদের বুদ্ধিগত সম্পত্তিকে মান্য করবে, আমরাও অন্যের সম্পত্তিকে মান্য করে চলি।

এই প্রতিশ্রুতির অংশ হিসাবে, আমাদের পরস্পরবিরোধী পেটেন্ট বা বাণিজ্যচিহ্ন সন্ধান করতে হবে এবং কখনোই এমন কোনো সফ্টওয়্যার, মিউজিক, ফটো বা অন্য ছবি ব্যবহার করব না যা ব্যবহারের অনুমতি বা লাইসেন্স Regal Rexnord পায়নি।

# বুদ্ধিগত সম্পত্তির স্বত্বাধিকার

আমাদের দীর্ঘকালীন সাফল্যের জন্য উদ্ভাবন এবং নতুন পণ্যবিকাশ একান্ত জরুরী। নতুন প্রযুক্তি এবং পণ্যের গবেষণা এবং বিকাশে আমাদের একক এবং সমবেত যোগদানকে স্বীকৃতি দেওয়া বিশেষ গুরুত্বপূর্ণ। আমরা যা যা নতুন উদ্ভাবন করি সেসব আমাদের বুদ্ধিগত সম্পত্তি আমাদের বুদ্ধিগত সম্পত্তির অধিকার সংরক্ষণ এবং সুরক্ষিত করার প্রয়োজনীয়তা এবং দায়িত্ব সম্বন্ধে আমাদের প্রত্যেকের সজাগ থাকা প্রয়োজন।

## দায়িত্ব গুরুত্বপূর্ণ

- সম্ভাব্য আবিষ্কার এবং বাণিজ্যিক গুপ্ততথ্য সনাক্ত করার জন্য আমরা Regal Rexnord-এর নতুন পণ্য, পরিষেবা, প্রক্রিয়া এবং সফ্টওয়্যার মূল্যায়ন করি।
- আমরা পণ্য, পণ্য সংক্রান্ত লিখিত বিষয়বস্তু, এবং বিজ্ঞাপনে বুদ্ধিগত সম্পত্তির নোটিশ দিয়ে রাখি।
- আমাদের বুদ্ধিগত সম্পত্তির তথ্য অন্যদের জানানোর সময় যথাযথ গোপনীয়তার চুক্তিবদ্ধ হওয়া আমরা সুনিশ্চিত করি।
- প্রচারমূলক উপাদান, ইমেল বা অন্য কোনো পণ্যে চিহ্ন দেওয়া বা সেসব প্যাক করার সময় আমরা আমাদের ব্র্যান্ড এবং বাণিজ্যচিহ্ন ঠিকমত ব্যবহার করি।
- আমাদের যদি মনে হয় যে আমাদের বুদ্ধিগত সম্পত্তি বিপন্ন হয়ে পড়েছে, তাহলে আমরা আইনী বিভাগে যোগাযোগ করি।
- ধারণার বিকাশ এবং আবিষ্কার করার জন্য কোম্পানির বাইরে কারুর সঙ্গে কাজ করার আগে আমরা আইনী বিভাগের সঙ্গে পরামর্শ করে নিই এবং প্রযুক্তি বিকাশের চুক্তি যথাযথ প্রস্তুত আছে কিনা তা সুনিশ্চিত করে নিই।

**বুদ্ধিগত সম্পত্তিতে** রয়েছে:

- পেটেন্ট
- বাণিজ্যচিহ্ন
- স্বত্বাধিকার
- বাণিজ্যের গুপ্ততথ্য
- অন্যান্য মালিকানাভিত্তিক তথ্য যেমন আবিষ্কার এবং ধারণা

## অভ্যন্তরীণ ব্যক্তিদের শেয়ার কেনাবেচা এবং স্টক সম্বন্ধে পরামর্শ দান

কোম্পানির বা যাদের সঙ্গে আমরা ব্যবসা করছি তাদের বিষয়ে অভ্যন্তরীণ তথ্যের ভিত্তিতে আমরা Regal Rexnord-এর স্টক (বা যে কোনো স্টক) কেনা বেচা করব না বা অন্য কাউকে তা করতে উৎসাহিত করব না। আমাদের অভ্যন্তরীণ ট্রেডিং নিষেধের নীতি প্রত্যেকের জন্য প্রযোজ্য। তবে এটা শুধুমাত্র কোম্পানির নীতি নয় — এটা একটা আইন। অভ্যন্তরীণ ট্রেডিং করা হলে কঠোর শাস্তি দেওয়া হয় এবং তার ফলে ফৌজদারি মামলা পর্যন্ত করা যায়।

## দায়িত্ব গুরুত্বপূর্ণ

- অভ্যন্তরীণ তথ্যের ভিত্তিতে আমরা স্টক কেনাবেচা করি না।
- আমরা কোম্পানির গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন এবং বিকাশের কথা প্রকাশ করি না বা এই প্রকারের অভ্যন্তরীণ তথ্যের ভিত্তিতে আমাদের বন্ধু এবং আত্মীয়দের আমাদের স্টক কেনা বা বিক্রি করার পরামর্শ দিই না।
- আমরা Regal Rexnord-এর স্টক কেনা বা বিক্রি করার আগে আমাদের নীতি কিভাবে কাজ করে তা ভালোমত বুঝি।

ডায়রেক্টর, কর্মকর্তা এবং কয়েকজন নির্দিষ্ট কর্মচারীদের Regal Rexnord-এর স্টক রাখার ব্যাপারে অতিরিক্ত নিয়ম মেনে চলতে হয়। আরো তথ্যের জন্য অনুগ্রহ করে ডায়রেক্টর, কর্মচারী, প্রধান কর্মকর্তা এবং আর্থিক বিভাগের কর্মচারীদের প্রমাণীকরণের জন্য সার্টিফিকেট ফর ডায়রেক্টর্স, অফিসার্স, কী অপারেশনাল অ্যান্ড ফাইন্যান্সিয়াল স্টাফ দেখুন।



## স্বার্থের সংঘাত এড়িয়ে যাওয়া

কর্মস্থলে বা বাইরে, আমাদের আচরণের সঙ্গে Regal Rexnord-এর সেরা স্বার্থের পরস্পরবিরোধ হওয়া উচিৎ না। যখন কারুর এমন কোনো ব্যক্তিগত, আর্থিক বা অন্য সম্পর্ক থাকে যা তার ন্যায্য এবং যুক্তিসঙ্গত ব্যবসায়িক সিদ্ধান্তগ্রহণের কর্তব্যে বাধা সৃষ্টি করতে পারে বা যখন কেউ ব্যক্তিগত লাভের জন্য এবং কোম্পানির ক্ষতি করে Regal Rexnord-এ তাদের পদমর্যাদা ব্যবহার করে তখন স্বার্থ সংঘাত দেখা দেয়।

### আরেকটু কাছ থেকে দেখুন

এই সব ক্ষেত্রে স্বার্থ সংঘাতের সম্ভাবনা রয়েছে:

- একজন সরবরাহকারী, গ্রাহক, বা প্রতিযোগীর স্টকের মালিকানা
- যারা Regal Rexnord-এর সঙ্গে ব্যবসা করছে বা করতে চায় তাদের উপহার দেওয়া বা তাদের কাছ থেকে উপহার নেওয়া (এর ব্যতিক্রম হবে যদি আমাদের উপহার, বিনোদন এবং খাওয়াদাওয়ার নীতিতে তার অনুমতি থাকে)
- পরিবারের কোনো সদস্য সরবরাহকারী বা গ্রাহকের জন্য কাজ করলে
- প্রাসঙ্গিক ব্যক্তিগত ব্যবহার ছাড়াও অন্য কারণে Regal Rexnord সম্পত্তি বা জিনিসপত্র ব্যবহার করা
- Regal Rexnord-এর কর্মচারীদের মধ্যে প্রেমঘটিত সম্পর্ক যেখানে একজন আরেকজনের কাছে রিপোর্ট করে বা একজনের কাছে আরেকজন ব্যক্তিকে প্রভাবিত করার মত সিদ্ধান্তে প্রভাব ফেলার ক্ষমতা আছে (সরাসরি বা পরোক্ষভাবে, তাতে অন্যান্য ম্যানেজারের সঙ্গে বন্ধুত্বের সম্পর্কের মাধ্যমে প্রভাব ফেলাও থাকতে পারে)
- বাইরের কোনো ব্যবসা বা অন্য স্বার্থ যা Regal Rexnord-এ আপনার কাজে মনোযোগ বা সময় দেওয়ায় গুরুতর বাধা সৃষ্টি করে, তাতে মুনাফাহীন বোর্ডের পরিষেবা থাকতে পারে

### দায়িত্ব গুরুত্বপূর্ণ

- আমরা এমন কোনো সিদ্ধান্ত নিই না বা এমন কোনো কাজ করি না যার ফলে Regal Rexnord-এর প্রতি আমাদের দায়িত্বের সংঘাত ঘটতে পারে।
- আমাদের চারিপাশের এবং কোম্পানির বাইরের লোকজন সমেত — অন্যদের দৃষ্টিভঙ্গীতে আমাদের কাজ কেমন দেখাবে সেটা আমরা বিবেচনা করে নিই।
- যদি আমাদের মনে হয় স্বার্থ সংঘাত ঘটতে পারে, আমরা আইনী বিভাগ বা আমাদের ম্যানেজারের সঙ্গে যোগাযোগ করি।

## রাজনৈতিক যোগদান

Regal Rexnord-এ আমরা আমাদের ডায়রেক্টর, কর্মকর্তা এবং কর্মচারীদের তথ্যাভিজ্ঞ ভোটদাতা হয়ে ওঠায় এবং রাজনৈতিক প্রণালীতে যোগদানে উৎসাহিত করি। তবে আপনার ব্যক্তিগত রাজনৈতিক কাজকর্ম থেকে Regal Rexnord-কে পৃথক করে রাখা বিশেষ জরুরী।

কোম্পানি হিসাবে এইরূপ স্পষ্টভাবে পৃথক করার ফলে রাজনৈতিক কাজকর্মে আমাদের অংশগ্রহণ এবং রাজনৈতিক যোগদানের সীমা নিয়ন্ত্রক রাষ্ট্রীয়, রাজ্যস্তরের এবং স্থানীয় আইনগুলি আমরা মেনে চলতে পারি। তার ফলে কর্মচারী হিসাবে রাজনৈতিক অংশগ্রহণ যে ব্যক্তিগত, স্বেচ্ছাকৃত এবং নিজস্ব পছন্দ-অপছন্দের বিষয় — কোনোপ্রকারে Regal Rexnord দ্বারা প্রভাবিত নয়, তা সুনিশ্চিত করা হয়।

## দায়িত্ব গুরুত্বপূর্ণ

ব্যক্তিগত স্তরে আমরা যদি রাজনৈতিক প্রণালীতে অংশ নিই:

- আমাদের ব্যক্তিগত রাজনৈতিক কাজকর্মের জন্য আমরা কোম্পানির সম্পত্তি, সুবিধাব্যবস্থা, সময় বা অর্থসংস্থান ব্যবহার করি না।
- কর্মস্থলে বা কোম্পানির ভূসম্পত্তিতে থাকাকালীন আমরা রাজনৈতিক কারণ বা প্রার্থীর জন্য অন্যদের কাছে যোগদানের অনুরোধ করি না।
- আমাদের কাজে আমরা Regal Rexnord-এর নাম বা আমাদের কাজের খেতাব ব্যবহার করি না বা পরোক্ষভাবে Regal Rexnord-এর কোনোপ্রকারের সমর্থনের ইঙ্গিত দিই না।

যদি কোম্পানি আমাদের কোম্পানির পক্ষ থেকে রাজনৈতিক দল, সংগঠন, প্রার্থী বা সরকারি কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করার অনুমতি দেয়:

- যে কোনো রাজনৈতিক ক্রিয়াকলাপ বা অর্থপ্রদান করার আগে আমরা ব্যবসার লীডার এবং আইনী বিভাগের কাছে যথাযথ উপায়ে সে কথা জানিয়ে দিই এবং অনুমতি নিয়ে নিই।
- আমরা সব প্রযোজ্য আইন এবং নিয়ম সম্পূর্ণভাবে মেনে চলি।
- রাজনৈতিক যোগদান করার সময় আমরা অতি সতর্ক থাকি যাতে আপাতদৃষ্টিতে ঘুষের সম্ভাবনা পর্যন্ত এড়িয়ে যাওয়া হয়।

### আরেকটু কাছ থেকে দেখুন

বিশ্বব্যাপী রাজনৈতিক প্রক্রিয়ায় কোম্পানির অংশগ্রহণে বাধানিষেধ রয়েছে।

আপনার দেশের আইন যা-ই হোক, কোম্পানির পক্ষ থেকে কোনো রাজনৈতিক পদক্ষেপ নেওয়ার আগে আপনার অবশ্যই আইনী বিভাগ বা আপনার ব্যবসার লীডারের অনুমতি নিয়ে নিতে হবে।



আমরা যখন কোম্পানির ব্যাপারে তথ্য উপস্থিত করি তখন আমাদের ন্যায়পরায়ণ থাকা গুরুত্বপূর্ণ।

## কোম্পানির খাতা ও নথিপত্র

সর্বজনীন কোম্পানি হিসাবে আমাদের আর্থিক পরিস্থিতির বিষয়ে Regal Rexnord সত্যনিষ্ঠ রিপোর্ট জানাতে বাধ্য। আপনি যদি কোম্পানিকে তথ্য জানান, সবসময় নির্ভুল এবং সম্পূর্ণ তথ্য জানাবেন। আমরা যে গুণগত মানের তথ্য পাই তার উপর আমাদের খাতা এবং রেকর্ডের সততা নির্ভর করে।

### দায়িত্ব গুরুত্বপূর্ণ

- আমরা উপযুক্ত উপায়ে, নির্ভুলভাবে এবং আমাদের নীতির সঙ্গে সামঞ্জস্য রেখে লেনদেনে স্বাক্ষর করি এবং অনুমতি দিই।
- সম্পদ, দায়বদ্ধতা, আয় এবং খরচের রেকর্ড রাখার সময় আমরা নির্ভুল এবং সত্যনিষ্ঠ থাকি এবং কোম্পানির সব নীতি এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ প্রক্রিয়া অনুসরণ করি।
- কোনো কারণেই জেনেশুনে আমরা মিথ্যা বা ভ্রান্তিকর রেকর্ড তৈরি করা না।
- আমরা কখনো খরচ বেশি করে দেখাই না, অন্য সময়কালে সেটা সরিয়ে দিই না বা কোনো আর্থিক তথ্যের ভুল শ্রেণীবিভাজন করি না।
- আর্থিক এবং ব্যবসায়িক তথ্য রেকর্ড করতে গিয়ে আমাদের কোনোরকম দুশ্চিন্তা থাকলে আমরা তা জানিয়ে দিই।

কোম্পানির আর্থিক তথ্য বা রিপোর্টিং নিয়ে আপনার যদি কোনোরকম চিন্তা থাকে কোম্পানির কনট্রোলার, ইন্টারনাল অডিট, ইন্টিগ্রিটি লাইন, আইনী বিভাগ বা বোর্ড অফ ডায়রেক্টর্সের অডিট কমিটি-তে জানান।

### আরেকটু কাছ থেকে দেখুন

কখনো কখনো আমরা আমাদের আর্থিক ব্যবস্থা এবং নিয়ন্ত্রণের অভ্যন্তরীণ বা বাইরের পরীক্ষা করে থাকি। এর সাহায্যে আমরা আমাদের আর্থিক তথ্যের সততা দেখাতে পারি।

যে কোনো পরীক্ষকের সঙ্গে পূর্ণ সহযোগিতা করবেন। যে তথ্য জানতে চাওয়া হবে সেসব নির্ভুলভাবে, পুঙ্খানুপুঙ্খভাবে এবং সময়মত জানাবেন যাতে সেসবের সাহায্যে আমরা এইসব নীতি অনুসরণ সুনিশ্চিত করতে পারি।

## দলিলের রেকর্ডের ব্যবস্থাপনা

আইন এবং কোম্পানির নীতি অনুসারে, আমরা দায়িত্বশীল পদ্ধতিতে আমাদের রেকর্ড রাখি। সব রেকর্ড যাতে স্পষ্ট, নির্ভুল এবং সম্পূর্ণ থাকে তা সুনিশ্চিত করার জন্য আমরা যথাযথ ব্যবস্থা নিই।

## দায়িত্ব গুরুত্বপূর্ণ

- যখন আমরা আমাদের ইমেল ও অন্যান্য চিঠিপত্রের মাধ্যমে লিখিত তথ্য জানাই তখন সুবিবেচিত কাজ করি।
- কোম্পানির রেকর্ড রেখে দেওয়ার সময়তালিকা অনুসারে আমরা উপযুক্ত সময়কালের জন্য রেকর্ড রাখি।
- কোম্পানির রেকর্ড ঠিকমত নষ্ট করা সুনিশ্চিত করতে আমরা কোম্পানির নীতি অনুসরণ করি।
- আমরা গোপনীয় তথ্যে যথাযথ লেবেল দিয়ে রাখি এবং ব্যবসাসূত্রে যাদের জানা দরকার শুধু তাদের কাছে সেসব বিতরণ করি।
- আইন বিভাগ কোনও রেকর্ড রেখে দেওয়ার নির্দেশ দিলে সেসব অনুসরণ করে, আমরা আইনত রেখে দেওয়ার নোটিশ মেনে চলি।

## নিয়ন্ত্রক এবং মিডিয়ার সঙ্গে যোগাযোগ

কোম্পানির সার্বজনীন বিবৃতির বিষয়ে আমাদের সাবধান হওয়া প্রয়োজন, কারণ এর ফলে Regal Rexnord-এর সুখ্যাতি বা ব্যবসায় প্রভাব পড়তে পারে।

ফোন, ইমেল, টেক্সট বা মিটিং-এর অনুরোধ সমেত নানা উপায়ে প্রচারমাধ্যমের অর্থাত্ মিডিয়ার লোকজন আমাদের যোগাযোগ করতে পারে। এছাড়া সরকারি নিয়ন্ত্রকরা আমাদের যোগাযোগ করতে পারে বা আমাদের কাছ থেকে উত্তর চাইতে পারে। সম্ভবত আপনার কাছেও এমন অনুরোধ করা হবে। আমাদের যোগাযোগ নিয়ন্ত্রণে রাখার জন্য Regal Rexnord শুধু নির্দিষ্ট কয়েকজনকে মিডিয়া, নিয়ন্ত্রক বা জনসাধারণের সঙ্গে কথা বলার জন্য মনোনীত করে রেখেছে।

## দায়িত্ব গুরুত্বপূর্ণ

- যদি কোনও সরকারি কর্মকর্তা আমাদের কাছে তথ্যের অনুরোধ করে, আমরা Regal Rexnord-এর চীফ ফাইন্যান্সিয়াল অফিসার বা জেনেরাল কাউন্সেলকে জানিয়ে দিই।
- আমাদের কোম্পানির মুখপাত্র হিসাবে মনোনীত না করা হলে আমরা – মিডিয়া, বিনিয়োগকারী বা নিয়ন্ত্রক সমেত– জনসাধারণের কাছে Regal Rexnord-এর বিষয়ে কথা বলি না।
- যদি কোনও চ্যানেলের মাধ্যমে মিডিয়া আমাদের যোগাযোগ করে, আমরা ইনভেস্টার রিলেসন্সের ভিপি (VP), চীফ ফাইন্যান্সিয়াল অফিসার এবং জেনেরাল কাউন্সেলকে জানিয়ে দিই।
- আমাদের অনুমোদিত সার্বজনীন বক্তব্য আমাদের সব ব্যবসায়িক লেনদেনের বিষয়ে নির্ভুল, সময়োপযোগী এবং সম্ভ্রমপূর্ণ হয়।

## সোশাল মিডিয়া

আজকালকার জগত — ব্যক্তিগত এবং পেশাগত জীবনে সোশাল মিডিয়ার মাধ্যমে যোগাযোগ রাখে। যেহেতু এই সাধনীগুলি এক নিমেষে বিশ্বব্যাপী তথ্য ছড়িয়ে দিতে পারে তাই আমাদের সোশাল মিডিয়ার ব্যক্তিগত ব্যবহারও নিয়ন্ত্রণে রাখা প্রয়োজন এবং এমন কোনো কাজ করা উচিৎ না যার ফলে Regal Rexnord-এর ক্ষতি হয়ে যেতে পারে বা সুনামহানি হতে পারে।

## দায়িত্ব গুরুত্বপূর্ণ

- ব্যক্তিগত জীবনে সোশাল মিডিয়া ব্যবহার করার সময় আমরা কখনোই Regal Rexnord-এর পক্ষ থেকে কথা বলছি বলে দাবি করি না।
- বিশেষ অনুমতি না পাওয়া পর্যন্ত আমরা Regal Rexnord-এর পক্ষ থেকে কিছু পোস্ট করি না।
- আমরা সোশাল মিডিয়ার সর্বজনীন প্রকৃতি উপলব্ধি করি তাই সম্ভ্রমপূর্ণ ব্যবহার করি এবং যে ভাষা অনুচিত, বৈষম্যমূলক বা অপমানজনক মনে হতে পারে তেমন ভাষা এড়িয়ে যাই।
- আমরা বুঝি যে বাণিজ্যিক গুপ্তত্য বা অন্যান্য গোপনীয় তথ্য সুরক্ষিত করা আমাদের কর্তব্য, এবং সোশাল মিডিয়াতে আমরা কখনো এইসব তথ্য পোস্ট করি না।



### Regal Rexnord পদ্ধতি

ক্যাথেরিন একটা রোমাঞ্চকর খবর সবাইকে জানাতে চায়: তার বিভাগ একটা নতুন সারিতে ব্যবসা প্রসার করতে চলেছে এবং তাকে বিদেশে কাজ করার সুযোগ দেওয়া হয়েছে। সে সোশাল মিডিয়াতে তার বন্ধু এবং পরিবারকে সে কথা জানানোর জন্য উদগ্রীব।

এক মুহূর্তের জন্য ক্যাথেরিন ভেবে দেখল: এই ব্যবসা প্রসারের খবর হয়ত এখনো জনসমক্ষে প্রকাশ করা হয়নি? মাস কয়েক পরে এটা ঘটবে। তাই ঠিক কতটা তথ্য জানাতে পারে তা জানার জন্য সে কমিউনিকেশন্স অফিসে ফোন করল।




যখন আমরা আমাদের সমাজের প্রতি যত্নবান থাকি তখন আমাদের জন্য ন্যায়পরায়ণতা গুরুত্বপূর্ণ।

## পরিবেশের স্থায়িত্ব

দায়িত্বশীল কর্পোরেট নাগরিক হিসাবে পরিবেশ সংরক্ষণে আমরা পথপ্রদর্শক হতে চাই। আমরা যে পণ্য ডিজাইন এবং তৈরি করি সেসব শক্তির চাহিদা এবং প্রাকৃতিক সম্পদ ব্যবহার কম করে আরো উজ্জ্বল ভবিষ্যত গড়ে তোলায় সাহায্য করে, এই সত্যটি আমাদের প্রেরণা জোগায়। সযত্ন ব্যবস্থাপনার মাধ্যমে আমরা সব স্টেকহোল্ডারদের জন্য মূল্যসৃষ্টি করতে পারব এবং আগামী প্রজন্মের জন্য সুযোগ তৈরি করে দিতে পারব।

## দায়িত্ব গুরুত্বপূর্ণ

- আমরা এমনভাবে কাজ করি যাতে পরিবেশে আমাদের প্রভাব যথাসম্ভব কম করা যায় এবং পরিবেশের সব প্রযোজ্য আইন এবং প্রয়োজনীয় শর্তপালন করা হয়।
- আমরা আবর্জনা সৃষ্টি কম করে এবং শক্তি এবং অন্যান্য প্রাকৃতিক সম্পদ ব্যবহার কম করে সংরক্ষণে সহায়তা করি।
- আমরা শক্ত আবর্জনা কম করি, ক্ষতিকর আবর্জনা থাকলে তার সঠিক ব্যবস্থাপনা করি এবং যেসব জিনিস পুনরুদ্ধার করা সম্ভব সেসব পুনর্ব্যবহার করি।







## সামাজিক দায়বদ্ধতা

আমাদের আন্তর্জাতিক ব্যবস্যায় আমরা মানবাধিকার সুরক্ষিত করার জন্য সক্রিয় হয়ে কাজ করি কারণ আমরা উপলব্ধি করি যে আমাদের ব্যবসা প্রণালীর ফলে মানুষের জীবনে প্রভাব পড়ে। আমাদের সামাজিক দায়বদ্ধতার আদর্শমানে রয়েছে কর্মনিযুক্তির ন্যায্য পদ্ধতি, শ্রম এবং মানব অধিকার এবং শিশু শ্রম প্রতিরোধ করা। সভ্যশাখা, বিভাগ, যৌথ প্রচেষ্টা এবং অংশীদারিত্ব সমেত আমরা যেখানে ব্যবসা করি, সেখানে সর্বত্র এইসব এবং অন্যান্য আদর্শমান প্রযোজ্য হয়। স্থানীয় স্তরে, আমরা যে সমাজে কাজ এবং বসবাস করছি সেখানে আমাদের কর্মচারীদের সক্রিয় ভূমিকাপালনে আমরা তাদের উৎসাহবর্ধন এবং উৎসব করি।

## দায়িত্ব গুরুত্বপূর্ণ

- আমরা (16 বছরের কমবয়সী) অপ্রাপ্তবয়স্কদের কাজে নিয়োগ করি না।
- যদি আমরা অল্পবয়সীদের (16 থেকে 18 বছর বয়স) নিয়োগ করি আমরা সুনিশ্চিত করি যে তারা শুধু দিনের বেলায় এবং স্কুলের সময়ের পর কাজ করবে। তাদের কাজের সময়সীমা এবং কয়েক ধরণের কাজের সংস্রব থেকে আমরা সীমিত করে রাখি।
- আমাদের ব্যবসায় বা সরবরাহ শৃঙ্খলে আমরা বলপ্রয়োগ করে শ্রম আদায় করি না। সব কর্মচারী স্বেচ্ছায় কাজ করেন, এবং কর্মচারী নিজের ইচ্ছামত চাকরি থেকে পদত্যাগ করতে পারেন।
- আমরা কর্মস্থল নিরাপদ এবং স্বাস্থ্যকর রাখি।
- আমরা চাকরিতে নিয়োগ সংক্রান্ত সব নিয়ম মান্য এবং প্রয়োগ করি।
- আমরা যেসব জায়গায় ব্যবসা করি সেখানে প্রতিযোগিতামূলক পারিশ্রমিক দিই।
- আমরা যখন কোনো সরবরাহকারী, কনট্রাক্টর বা অন্য ব্যবসা সহযোগীর অনুচিত আচরণ বা কাজের ব্যাপারে জানতে পারি তখন পদক্ষেপ নিই।

আধুনিক দাসত্ব কি? লোকেদের দিয়ে জোর করে কাজ করানো, তাদের চলাফেরা বা চাকরি ছেড়ে যাওয়ার অধিকার সীমাবদ্ধ করে রাখা, এবং তাদের হিংস্রতা বা অন্যান্য ক্ষতির ভয় দেখিয়ে তাদের কাছ থেকে কাজ আদায় করা।

এ সবই মানবাধিকার উল্লঙ্ঘন এবং আমাদের ব্যবসা বা সরবরাহ শৃঙ্খলে আমরা এসব সহ্য করব না। যেসব সরবরাহকারী, কনট্রাক্টর বা অন্য ব্যবসা সহযোগী আমাদের নিয়ম এবং প্রযোজ্য আদর্শমানের শর্তপূরণ করবে না তাদের সঙ্গে আমরা কাজ করব না।

অতিরিক্ত দায়িত্ব সংক্রান্ত আমাদের সামাজিক দায়বদ্ধতার নীতি দেখে নিন।

# প্রতিদিন ন্যায়পরায়ণতা গুরুত্বপূর্ণ করে তোলা

বড় এবং ছোট আকারে, সঠিক কাজ করার অবিরাম প্রতিশ্রুতি হল ন্যায়পরায়ণতা এবং এর ফলে Regal Rexnord কাজের জন্য আরো ভালো জায়গা এবং আরো মজবুত ব্যবসা প্রতিষ্ঠান হয়ে উঠেছে।

সঠিককাজকরাবলতেকিবোঝায়তাবুঝতেআমাদেরসবাইকেসাহায্যকরেএইবিধি।এছাড়াওআমাদেরআরোনীতিএবং নিয়মআছেযাআইনসম্মতএবংনৈতিকআচরণেরপথদেখাতেসাহায্যকরে।তারমধ্যেঅনেকগুলিতেএকইরকমেরবিষয় আছে এবং আমাদের আদর্শমান আরো সম্পূর্ণভাবে বোঝার জন্য সেসব পড়ে দেখা উচিৎ।

আমরাযখনন্যায়পরায়ণতারস্বপক্ষেকথাবলিএবংনৈতিকতারউচ্চাদর্শেনিজেদেরএবংআমাদেরসহকর্মীদেরবিচারকরি তখনআমরাআরোভালোভাবেনিজেদেরকাজকরতেপারি,আমাদেরগ্রাহকদেরপ্রত্যাশামতপরিষেবাদিতেপারিএবং আমাদের শেয়ারহোল্ডারদের আস্থাভাজন হয়ে উঠি।

সেইজন্যই আমাদের জন্য ন্যায়পরায়ণতা গুরুত্বপূর্ণ।

# ইন্টিগ্রিটি লাইন

অনলাইনে ইন্টিগ্রিটির রিপোর্ট (INTEGRITY REPORT) করুন
(Convercent দ্বারা পরিচালিত)
**www.RegalRexnordintegrity.com**

অনলাইনে ইন্টিগ্রিটির রিপোর্ট (INTEGRITY REPORT) করুন
**integrity@RegalRexnord.com**

ফোনে ইন্টিগ্রিটি রিপোর্ট (INTEGRITY REPORT) করুন
(Convercent দ্বারা পরিচালিত)

| দেশ | ইন্টিগ্রিটি অ্যালার্ট লাইন |
|---|---|
| অস্ট্রেলিয়া | 1-800-941-637 |
| বেলজিয়াম | 0-800-793-44 |
| ব্রাজিল | 0-800-591-7018 |
| কানাডা | 1-800-245-2146 |
| চীন | 400-120-4932 |
| কলাম্বিয়া | 01-800-710-2131 |
| ফ্রান্স | 0-805-089471 |
| জার্মানি | 0-800-180-0763 |
| হংকং | 800-906-138 |
| ভারত | 000-800-100-4541 |
| ইস্রায়েল | 1-809-429368 |
| ইতালি | 800-789-764 |
| মালায়শিয়া | 1-800-817-738 |
| মেক্সিকো | 800-681-5346 |

| দেশ | ইন্টিগ্রিটি অ্যালার্ট লাইন |
|---|---|
| নেদারল্যান্ডস | 0-800-022-0944 |
| নিউ জিল্যান্ড | 0-800-000132 |
| ফিলিপিন্স | 63-28-8626-3049 |
| রোমানিয়া | 0-808-360-158 |
| রাশিয়া | 8-800-100-6318 |
| সিঙ্গাপুর | 800-852-3953 |
| স্লোভাকিয়া | 0-800-606-236 |
| দক্ষিণ আফ্রিকা | 0-800-983-462 |
| স্পেন | 900-809735 |
| সুইডেন | 46 020-888-588 |
| থাইল্যান্ড | 001-800-852-6327 |
| ইউনাইটেড আরব এমিরেটস | 8000-3204-53 |
| ইউনাইটেড কিংডম | 0-808-189-1308 |
| ইউনাইটেড স্টেটস | 1-800-245-2146 |

যদি প্রায় অসম্ভব পরিস্থিতিতে আপনি কোনও নম্বরে ফোন করে অপারেটারের সঙ্গে কথা বলতে না পারেন, আপনি অনলাইনে www.RegalRexnordintegrity.com-এ রিপোর্ট জমা করে দিতে পারেন।

**Regal Rexnord Corporation**
200 State Street
Beloit, Wisconsin 53511

**RegalRexnord.com**